

২০১৪

বিশ্ব বসতি দিবস

VOICES FROM SLUMS

World Habitat Day 2014

বস্তিবাসীর অধিকার
পরিবেশ বান্ধব বাসস্থান

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

UN-HABITAT

বিশ্ব বসতি দিবস ২০১৪
World Habitat Day 2014

Voices From Slums
বস্তিবাসীর অধিকার : পরিবেশবান্ধব বাসস্থান

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিশ্ব বসতি দিবস ২০১৪
World Habitat Day 2014
Souvenir on World Habitat Day 2014
Voices From Slums
বস্তিবাসীর অধিকার : পরিবেশবান্ধব বাসস্থান

স্মরণিকা প্রকাশনা কমিটি

জনাব শাহ মোঃ আবু রায়হান আলবেরুনী, আইন উপদেষ্টা, (যুগ্ম সচিব) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা	আহবায়ক
জনাব মোঃ আকতার হোসেন সরকার, সিনিয়র রিসার্চ অফিসার, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, ঢাকা	সদস্য
জনাব সৈয়দা ইসরাত নাজিয়া, সহকারী সম্পাদক, নগর গবেষণা কেন্দ্র, ঢাকা	সদস্য
জনাব স.ম. গোলাম কিবরিয়া, সিনিয়র তথ্য অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
জনাব আক্তার মাহ্মুদ, সাধারণ সম্পাদক, বিআইপি ঢাকা	সদস্য
জনাব সুজাউল ইসলাম খান, সম্পাদক (নগরায়ণ) বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট, ঢাকা	সদস্য
জনাব এম আহসানুল হক, সম্পাদক (ঐতিহ্য ও সংস্কৃতি) বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট, ঢাকা	সদস্য

স্মরণিকা সম্পাদক
শাহ মোঃ আবু রায়হান আলবেরুনী
আইন উপদেষ্টা, (যুগ্ম সচিব)
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা

সম্পাদনা সহযোগী
সৈয়দা ইসরাত নাজিয়া, সহকারী সম্পাদক, নগর গবেষণা কেন্দ্র, ঢাকা
মুহাম্মদ আরিফুল ইসলাম, যুগ্ম সম্পাদক, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স, ঢাকা

প্রচ্ছদ
জনাব এম আহসানুল হক
সম্পাদক (ঐতিহ্য ও সংস্কৃতি) বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট, ঢাকা

সার্বিক নির্দেশনায়
মোঃ গোলাম রব্বানী
সচিব, গৃহায়ন ও গণূর্ত মন্ত্রণালয়, ঢাকা

কৃতজ্ঞতা স্বীকার
রিয়েল এস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (REHAB)

প্রকাশনায়
স্মরণিকা প্রকাশ কমিটি
বিশ্ব বসতি দিবস ২০১৪

প্রকাশকাল ঃ আক্টোবর ২০১৪

মূদ্রণে :
মেসার্স এম. এম. এন্টারপ্রাইজ
২৭/২/১/ক, পীরেরবাগ, মিরপুর, ঢাকা-১২১৬
মোবাইল: ০১৭১২-২৩৯৫৬৮

[প্রবন্ধসমূহের তথ্য ও মতামত লেখক বা প্রতিষ্ঠানের নিজস্ব । এ বিষয়ে সম্পাদনা পরিষদ বা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কোন দায়-দায়িত্ব নেই ।]

بسم الله الرحمن الرحيم

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

০৬ অক্টোবর, ২০১৪
২১ আশ্বিন, ১৪২১

বাণী

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উদ্যোগে প্রতি বছরের ন্যায় এ বছরও বিশ্ব বসতি দিবস উদ্‌যাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

বর্তমান বিশ্বায়নের যুগে নগরসমূহে বসবাসরত বস্তিবাসীদের পরিকল্পিতভাবে পুনর্বাসনের বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। যুগোপযোগী ও বাসযোগ্য নগর সৃষ্টির লক্ষ্যে পরিকল্পিতভাবে অবকাঠামো সৃষ্টির পাশাপাশি বস্তিবাসীদের জীবনমান উন্নয়ন এবং তাদের আর্থ-সামাজিক উন্নয়ন অত্যন্ত জরুরি। এ প্রেক্ষাপটে UN-HABITAT ঘোষিত এ বছরের বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য 'Voices from Slums' বিষয়টি বাংলাদেশের প্রেক্ষাপটে অত্যন্ত প্রাসঙ্গিক বলে আমি মনে করি। গ্রাম থেকে শহরে অভিগমন রোধ করতে গ্রামের মানুষের মৌলিক চাহিদা পূরণসহ তাদের নিজ নিজ এলাকায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং বিভিন্ন উন্নয়নমুখী পরিকল্পনা বাস্তবায়ন করা সময়ের দাবী। এ বাস্তবতাকে সামনে রেখে বর্তমানে সরকার গ্রামাঞ্চলে বসবাসরত বৃহত্তম জনগোষ্ঠীর আবাসন সংকট নিরসনসহ তাদের জীবনযাত্রার মানোন্নয়নে স্বল্প ও দীর্ঘমেয়াদী কর্ম পরিকল্পনা হাতে নিয়েছে। আশা করি এ সকল পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের মাধ্যমে গ্রাম থেকে শহরে অভিগমন কমবে এবং একই সাথে বস্তিবাসীদের জীবনযাত্রার মান উন্নয়নও নিশ্চিত হবে।

আমি 'বিশ্ব বসতি দিবস ২০১৪' উপলক্ষে গৃহীত কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ

بسم الله الرحمن الرحيم

প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৬ অক্টোবর, ২০১৪
২১ আশ্বিন, ১৪২১

বাণী

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও বিশ্ব বসতি দিবস উদ্‌যাপন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। দিবসটির এবারের প্রতিপাদ্য "Voices from Slums" যা সুষ্ঠু নগর ব্যবস্থাপনার ক্ষেত্রে অত্যন্ত তাৎপর্যপূর্ণ হয়েছে বলে আমি মনে করি।

বাংলাদেশসহ উন্নয়নশীল দেশে নগরায়নের ক্ষেত্রে বস্তি একটি অবিচ্ছেদ্য অংশ। টেকসই নগরায়নের পূর্বশর্ত হল সার্বিক উন্নয়ন। তাই বস্তিবাসী এ বিশাল জনগোষ্ঠীকে বাদ রেখে সুষম উন্নয়ন সম্ভব নয়। সহস্রাব্দ উন্নয়ন লক্ষমাত্রায়ও বস্তিবাসীদের সমস্যাগুলো গুরুত্বের সাথে বিবেচনা করে তাঁদের জীবন-মান উন্নয়নের লক্ষ্যে সুস্পষ্ট দিক নির্দেশনা দেওয়া হয়েছে। "ভিশন ২০২১" অনুযায়ী সকলের জন্য পরিকল্পিত আবাসন নিশ্চিত করার লক্ষ্যে আমাদের সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বস্তিবাসীদের আবাসন উন্নয়ন ও নিরাপত্তার লক্ষ্যে আমরা বিশ্ব ব্যাংকের অর্থায়নে ৮০ মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে "প্রো-পুওর স্লাম ইন্টিগ্রেশন প্রজেক্ট (পিপিএসআইপি)" নামে একটি পাইলট প্রকল্প হাতে নিয়েছি। প্রকল্পটির আওতায় আগামী ৬ বছরে ৫ টি নির্বাচিত এ ক্যাটাগরি শহরের প্রতিটি থেকে ৫টি করে মোট ২৫টি দরিদ্র বসতিতে কমিউনিটি নির্ভর বাসস্থান উন্নয়ন পদ্ধতি বাস্তবায়ন করা হবে। প্রতিটি বসতিতে আনুমানিক ৩০০টি পরিবার হিসেবে ২৫টি বসতিতে সর্বমোট ৭ হাজার ৫০০টি পরিবারের বাসস্থান উন্নয়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

গত সাড়ে পাঁচ বছরে আমরা নিম্ন ও মধ্যবিত্তদের আবাসন সঙ্কট নিরসনে সারাদেশে ব্যাপকভাবে প্লট উন্নয়ন, বরাদ্দ এবং ফ্ল্যাট নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করেছি। আরও ৪২ হাজার ৯৭১টি প্লট উন্নয়নের লক্ষে ৩৫ টি প্রকল্প এবং প্রায় ৩২ হাজার ৮১৬টি ফ্ল্যাট নির্মাণের জন্য ২৯টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নাধীন আছে। এছাড়া ৩৭ হাজার ৯৫৯টি প্লট উন্নয়নের জন্য ২৬টি প্রকল্প এবং ৭২ হাজার ১৯৭টি ফ্ল্যাট নির্মাণের জন্য ১৭টি প্রকল্প প্রণয়ন করা হয়েছে। শহরের মতো উন্নত জীবনের জন্য আমরা গ্রামেও সমবায় ভিত্তিক বহুতল ভবন নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছি।

সর্বস্তরের জনসাধারণের বসবাসযোগ্য সুপরিকল্পিত নগর সৃষ্টিতে সরকারের পাশাপাশি উন্নয়ন সহযোগী সংস্থা, বেসরকারি প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসার আহ্বান জানাই।

আমি বিশ্ব বসতি দিবস ২০১৪-এর সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করছি।

শেখ হাসিনা

মন্ত্রী
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

০৬ অক্টোবর, ২০১৪
২১ আশ্বিন, ১৪২১

বাণী

প্রতি বছর অক্টোবর মাসের প্রথম সোমবার বিশ্ব বসতি দিবস উদযাপিত হয়ে আসছে। এ বছর বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য 'Voices from Slums' যা অত্যন্ত সময়োপযোগী ও গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি।

দ্রুত নগরায়নের এই যুগে বিশ্বের বিভিন্ন নগরসমূহে বিশেষ করে এশিয়ার অধিকাংশ নগরসমূহের বস্তিবাসীদের পুনর্বাসন বিষয়টি হচ্ছে অন্যতম চ্যালেঞ্জ। প্রধানত প্রাকৃতিক দুর্যোগ ও কর্মসংস্থানের উদ্দেশ্যেই গ্রামাঞ্চলের মানুষ শহরে এসে বস্তি গড়ে তুলেছে। বর্তমান সরকার বস্তিবাসীগণের বিভিন্ন সমস্যার সমাধানে দৃঢ় প্রতিজ্ঞ।

পরিকল্পিত নগরায়ন, ভূমির সুষ্ঠ ব্যবহার নিশ্চিতকরণ এবং ভূমি উন্নয়ন বিষয়ে সরকারের বিভিন্ন কর্মসূচি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন রয়েছে। রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন শহরে উচ্চ, মধ্যম ও স্বল্প আয়ের লোকদের জন্য ভূমি উন্নয়ন এবং অবকাঠামো নির্মাণপূর্বক আবাসিক প্লট তৈরি ও বরাদ্দ প্রদান এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়নকল্পে শহর এলাকায় সড়ক, ফ্লাইওভার, বাইপাস ইত্যাদি নির্মাণ ও সম্প্রসারণে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

বস্তিবাসীদের আবাসন উন্নয়ন ও নিরাপত্তার লক্ষ্যে বিশ্ব ব্যাংকের সহায়তায় "প্রো-পুওর স্লাম ইন্টিগ্রেশন প্রোজেক্ট (পিপিএসআইপি)" নামে একটি পাইলট প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্প বাস্তবায়নের মধ্য দিয়ে ৭৫০০টি দরিদ্র পরিবারের আবাসন ব্যবস্থার উন্নয়ন সাধিত হবে।

আমি বিশ্ব বসতি দিবস-২০১৪ এর সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

০৬ অক্টোবর, ২০১৪
২১ আশ্বিন, ১৪২১

বাণী

প্রতিবছর অক্টোবর মাসের প্রথম সোমবার UN HABITAT কর্তৃক বিশ্ববসতি দিবস উদযাপিত হয়ে আসছে। এ বছর এই দিবসের প্রতিপাদ্য হচ্ছে 'Voices from Slums'। বস্তিবাসীদের জীবনমান উন্নয়নের জন্য এবারের প্রতিপাদ্যটি খুবই তাৎপর্যপূর্ণ বলে আমি মনে করি।

প্রতিবছর বিভিন্ন কারণে অসংখ্য মানুষ দেশের গ্রামাঞ্চল থেকে শহরে আসছে। এ সকল মানুষকে আশ্রয় দেয়ার মতো যথেষ্ট ধারণক্ষমতা আমাদের নগরগুলোর নেই। তাই তারা নিরুপায় হয়ে নাগরিক সুযোগ-সুবিধাহীন এলাকাতে বসবাস শুরু করে।

উন্নয়ন কর্মকান্ডের বিবেচনায় নগর ও গ্রাম পারস্পরিকভাবে নির্ভরশীল। দেশের নগর বসতি উন্নয়নের পাশাপাশি আমাদেরকে অবশ্যই গ্রামীণ এলাকার অবকাঠামো, ভূমি ব্যবহার, সেবা সুবিধাসমূহ সম্প্রসারণ এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, ইত্যাদির পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে; যাতে করে দেশের প্রতিটি গ্রাম বসবাসের জন্য উপযোগী ও আকর্ষণীয় হয়ে উঠে এবং গ্রাম থেকে শহরে অভিগমন (Migration) হ্রাস পায়।

বস্তিবাসীদের জীবনমান উন্নয়নে একদিকে যেমন প্রয়োজন জনসচেতনতা অপরদিকে সঠিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের গুরুত্বও অপরিসীম। বিশ্বব্যাপী বস্তিবাসীদের আর্থসামাজিক উন্নয়নের জন্য যে সকল ব্যক্তি ও প্রতিষ্ঠান কাজ করছে তাদের অভিজ্ঞতার আলোকে আমরাও কার্যকরী পদক্ষেপ গ্রহণে সচেষ্ট হবো।

আমি বিশ্ব বসতি দিবস ২০১৪ এর সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করছি।

খোদা হাফেজ। বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ গোলাম রব্বানী

World Habitat Day 2014

VOICES FROM SLUMS

চেয়ারম্যান
সংসদীয় স্থায়ী কমিটি
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

০৬ অক্টোবর, ২০১৪
২১ আশ্বিন, ১৪২১

বাণী

জাতিসংঘ ১৯৮৬ সাল থেকে বিশ্বব্যাপী বাসস্থান সমস্যা সমাধানের লক্ষ্যে দিক নির্দেশনা প্রণয়নের জন্য 'বিশ্ব বসতি দিবস' উদযাপন করছে। জাতিসংঘ এ বছর বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করেছে 'Voices from Slums'। বিষয়টি সমকালীন নগরায়ন প্রেক্ষাপটে অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

বাংলাদেশের শহরাঞ্চলে গড়ে উঠা অসংখ্য বস্তিবাসীর দুঃখ-দুদর্শা লাঘব করে তাদের বাসস্থানের মৌলিক অধিকার নিশ্চিত করা আমাদের গুরু দায়িত্ব। প্রত্যন্ত গ্রামীণ অঞ্চলের নদী ভাঙ্গনের কারণে এবং কর্মসংস্থানের অভাবে প্রতিবছর অসংখ্য মানুষ শহর অভিমুখী হচ্ছে। গ্রামীণ দরিদ্র জনগণকে শহরমুখী হওয়া থেকে নিরুৎসাহিত করা এবং তাদের জন্য গ্রামেই কর্মসংস্থানের স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসূচি প্রণয়ন এবং তা বাস্তবায়ন করা অপরিহার্য। নগরসমূহে যে সকল জনগোষ্ঠী বস্তিতে বসবাস করছে তাদের বাসস্থান সুবিধা নিশ্চিত করা ও উন্নত জীবন যাপনের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন এবং তা বাস্তবায়ন করা আমাদের দায়িত্ব। কারণ বস্তিতে বসবাসরত বিপুল জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নত হলে তারা দেশের অর্থনীতি ও সামাজিক ক্ষেত্রে ইতিবাচক অবদান রাখবে এবং এ বিপুল জনসম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত হবে। আর সেই সাথে সুস্থ ও সুন্দর থাকবে শহরের পরিবেশ এবং নিশ্চিত হবে দেশের সার্বিক উন্নয়ন। এ সকল উদ্যোগের সার্বিক বাস্তবায়নের মাধ্যমে এ বছরের বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্যের তাৎপর্যকে সাফল্য মন্ডিত করা সম্ভব হবে।

আমাদের নগরসমূহ বস্তিবাসী তথা সকলের জন্য স্বাচ্ছন্দ্যময় ও নিরাপদ হবে এ আশা ব্যক্ত করে আমি বিশ্ব বসতি দিবস-২০১৪ এর সার্বিক সাফল্য কামনা করছি।

আলহাজ্ব মোঃ দবিরুল ইসলাম

UNDP Bangladesh

Message

World Habitat Day 2014

Message of the

UN-Habitat Executive Director

Monday 6 October 2014

Voices from Slums

Every year on the first Monday of October we reflect on the state of our human settlements and what we want the cities of our future to look like.

This year, the United Nations has chosen to turn the spotlight on the people who live or have lived in informal settlements, listening to "Voices from Slums".

The goal is to raise awareness of life conditions in some areas of the planet which are crowded, with inadequate housing, poor or no water and sanitation facilities and no security of tenure. There is rarely any public space in these areas and no allocation for streets, meaning no public transport and no access for emergency services.

As part of the Millennium Development Goals, the world pledged to improve the lives of 100 million slum dwellers by the year 2020. By 2010 we had achieved this by more than 2 fold. However, with growing urbanisation, the number of people being born in or moving into these areas is also increasing and the overall number of people living in slums continues to rise. Estimates claim that there are already one billion people living in slums.

People in slums are also disproportionately affected by climate change, with houses often built precariously on slopes or unsuitable building space and with inadequate materials making them vulnerable to landslides, floods and earthquakes.

Great efforts are being made to improve many slums around the world and better the lives of those that live there. But slums are a manifestation of rapid unchecked urbanisation - a result of allowing our cities to expand without design or regulation and with disregard to their citizens. While continuing to upgrade the slums we have, we urgently need to focus our efforts on robust urban planning and the provision of safe, affordable housing that is appropriate and adequate for our citizens' growing needs.

Through real stories it is possible to demonstrate to decision makers in the urban arena that slum upgrading programmes can achieve better life conditions for slum dwellers, and greater economic and social impacts.

In 2016, the United Nations Conference on Housing and Sustainable Urban Development - Habitat III will set us on the path for a new urban agenda. But we cannot wait until then to stop the spread of slums. Our urban citizens have the right to adequate housing and basic services and we need to make sure that our cities and towns are planned appropriately to provide these.

Nearly one billion urban slum dwellers are counting on it. We should hear their voices.

Dr. Joan Clos

আহ্বায়ক

স্মরণিকা প্রকাশনা কমিটি এবং
আইন উপদেষ্টা (যুগ্ম সচিব)
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

০৬ অক্টোবর, ২০১৪
২১ আশ্বিন, ১৪২১

সম্পাদকীয়

জাতিসংঘের উদ্যোগে ১৯৮৬ সাল থেকে প্রতিবছর অক্টোবর মাসের প্রথম সোমবার বিশ্ব বসতি দিবস উদযাপন হয়ে আসছে। ১৯৮৬ সালে প্রথম বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য ছিল 'Shelter is my Right' বা 'আশ্রয় আমার অধিকার'। মূলতঃ বিশ্বব্যাপী আশ্রয়হীন মানুষের আশ্রয় সংস্থানের বিষয়ে দিক নির্দেশনা এবং প্রতিটি মানুষের বাসস্থান সংস্থানের বিষয় পর্যালোচনা ও নীতি নির্ধারনী স্থির করার লক্ষ্যে দিবসটি উদযাপন করা হয়ে থাকে।

১৯৯৬ সালে ইস্তাম্বুলে অনুষ্ঠিত "একবিংশ শতাব্দির জন্য বাসযোগ্য নগর" শীর্ষক হ্যাবিটাট-২ মহাসম্মেলনে শহরে-নগরে এবং দ্রুত নগরায়নশীল বিশ্বের ক্ষুদ্র ক্ষুদ্র বসতিতে বসবাসরত সকল স্তরের মানুষের আবাসন উন্নয়নের জন্য অঙ্গীকার করা হয়। এরই ধারাবাহিকতায় পরবর্তিতে বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্যসমূহ নগরমুখী মানুষের অভিগমনের নেতিবাচক পরিণতির বিষয়ে অবতারণা করা হচ্ছে। বিশ্বব্যাপী জনসংখ্যা বৃদ্ধির বর্তমান প্রেক্ষাপটে বিশ্বের বড় বড় নগরগুলোতে অর্থনৈতিক ও সামাজিক নিরাপত্তাহীনতা আজ প্রকটরূপ ধারণ করেছে। এ বছরের প্রতিপাদ্য বা বিষয়টির আলোকে আধুনিক ও পর্যাপ্ত আবাসন Voices from Slums বস্তিবাসীর অধিকার : পরিবেশ বান্ধব বাসস্থান ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে নগরসমূহকে বাসযোগ্য ও নান্দনিক নগরে পরিণত করার দিক নির্দেশনা প্রদান করা হয়েছে।

কোন একটি দেশের অর্থনৈতিক অগ্রগতির ক্ষেত্রে নগরের ভূমিকা অনস্বীকার্য। বাংলাদেশে শহর ও নগরের সংখ্যা ৫২২টি। অনুমিত মোট নগর জনসংখ্যা প্রায় ৫০ মিলিয়ন। উন্নয়নশীল দেশের নগর হিসেবে আমাদের রাজধানীসহ সকল বড় ও মাঝারি শহরে কতিপয় বড় রকমের সমস্যা বা চ্যালেঞ্জ রয়েছে। যেমন-শহর ও নগরে অপ্রতিরোধ্যভাবে জনসংখ্যা বৃদ্ধি, কর্ম সংস্থান সমস্যা, আবাসন সমস্যা, দারিদ্র্য ও বস্তি সমস্যা, পরিবেশ দূষণ, পরিবহণ সমস্যা, বিভিন্ন জরুরি নাগরিক সেবা প্রাপ্তির সমস্যা এবং আইন শৃঙ্খলা ও নিরাপত্তা সমস্যা, ইত্যাদি। বিশ্ব বসতি দিবসের এ বছরের প্রতিপাদ্যের আলোকে উল্লিখিত চ্যালেঞ্জ মোকাবেলায় বিশেষতঃ বস্তিবাসীর আবাসন সংকট নিরসনে আমাদের বিভিন্ন কার্যক্রম ও কর্মপন্থা নির্ধারণ করতে হবে।

প্রতি বছরের মত এ বছরও বিশ্ব বসতি দিবস উপলক্ষে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উদ্যোগে একটি তথ্য বহুল, গবেষণা সমৃদ্ধ সংকলন স্মরণিকা হিসেবে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ বছরের প্রতিপাদ্য বা বিষয়ের আলোকে স্মরণিকায় অন্তর্ভূক্ত প্রবন্ধসমূহ আমাদের নগরের বস্তিসমূহের সমস্যা নিরসনে দিকনির্দেশনা প্রদানে নীতিনির্ধারকগণের দৃষ্টি আকর্ষণ করবে এটাই আমাদের প্রত্যাশা।

পরিশেষে, স্মরণিকার লেখক/গবেষকবৃন্দ, সম্পাদনা সহযোগীবৃন্দ এবং প্রকাশনা কমিটির সংশ্লিষ্ট সকলকে তাঁদের আন্তরিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানাচ্ছি। বিশেষ করে বিশ্ব বসতি দিবস উদযাপন বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব মোঃ গোলাম রব্বানী মহোদয় মূল্যবান দিক নির্দেশনা ও পরামর্শ প্রদানের জন্য তাঁকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এ মন্ত্রণালয়ের অধিনস্ত বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ যাঁদের উৎসাহ-উদ্দীপনা এই প্রকাশনাটি সফলতা লাভ করেছে তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। অনেক সতর্কতা সত্ত্বেও সময়ের স্বল্পতার কারণে এ স্মরণিকায় ভুল-ভ্রান্তি থাকতে পারে, সেক্ষেত্রে আমরা আন্তরিকভাবে দুঃখিত।

স্মরণিকা প্রকাশনার ব্যয়ভারসহ দিবসটি উদযাপনে বিভিন্নভাবে সহযোগিতা করায় REHAB এর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

বিশ্ব বসতি দিবস ২০১৪ উদযাপন সাফল্যমন্ডিত হউক।

শাহ মোঃ আবু রায়হান আলবেরুনী

সূচিপত্র/Contents

লেখক/গবেষক	প্রবন্ধ/গবেষণা প্রবন্ধ	পৃষ্ঠা
Syed Azizul Haq, PEng	Sanitation in Slums: Issues and Ways Forward	১৩
মোহাম্মদ আবু সাদেক, পিইঞ্জ	বস্তিবাসীর অধিকার ও পরিবেশবান্ধব বাসস্থান	২২
নুরুল ইসলাম নাজেম	বস্তিবাসীর অধিকার ও পরিবেশবান্ধব বাসস্থান	৩০
শাহ মোঃ আবুরায়হান আলবেরুনী	দারিদ্র্য দূরীকরণ,কৃষি ও বস্তিবাসী উন্নয়নে ভূমি সংস্কার	৩৮
Md.Mahmudul Haque	Provision of housing finance for Middle income people of Dhaka city: Government policy paradoxes	৪২
Khondker Fowze Muhammed Bin Farid Quazi Md. Fazlul Haque	National Comprehensive Development Plan for the whole Country: An Integrated Approach to Meet the Needs of Slum Dwellers	৫২
ড. মোঃ গোলাম ফারুক	ঢাকা শহরের বস্তি : কার্যক্রম ও করণীয়	৬১
MD. JUBAER RASHID1	INTERNAL MIGRATION AND SLUM DEVELOPMENT IN BANGLADESH	৬৭
জাকিয়া সুলতানা সৈয়দা ইসরাত নাজিয়া	দরিদ্র নারী ও নগরীয় অপ্রাতিষ্ঠানিক খাত: প্রসঙ্গ বিশ্ববসতি দিবস ২০১৪	৭৪
Nurangir Nahid Jisa	Unhealed Scars of Urban Slum Dwellers	৮০
Planner Moniza Biswas, M-365	Climate Change and Migration in Bangladesh	৮৩
Md. Monjure Alam Pramanik	Prospects and Challenges of Urban and Peri-Urban Agriculture of Dhaka City	৯১
Md. Jahangir Ali	Climate Change and Rail Line Slum People: Dhaka, Bangladesh	১০২
Tusar Kanti Roy	COMMUNITY PARTICIPATION IN CONSTRUCTION AND RENOVATION OF SANITARY LATRINES IN THE SLUMS OF KHULNA CITY	১০৫
Mohammed Saiful Islam Roxana Hafiz	Hearing the Voices of the Urban Poor: A closer look at the Slums of Sreemangal Pourashava	১১৬

লেখক/গবেষক	প্রবন্ধ/গবেষণা প্রবন্ধ	পৃষ্ঠা
Shah Md Abu Raihan Alberuni1 Md. Sirajul Islam Kamrul Hasan Sohag	Holistic Capacity Building for Reducing Urban Vulnerability: A study on the Street Floating Population of Dhaka City	১২৮
ফরহাদ হোসেন বিপু	বিশ্ববসতি দিবস : গবেষণা ও উন্নয়ন সম্পর্কিত কতিপয় সুপারিশ	১৪১
Shah Md. Anisul Arefin	Health Hazards of slum dwellers in Bangladesh	১৪২
আলোকচিত্র		১৪৮
স্ট্যান্ডিং কমিটি		১৫৬
বিশ্ব বসতি দিবস ২০১৪ উদযাপন কমিটিসমূহ এবং দায়িত্ব ও কর্তব্য		১৫৭
বিশ্ব বসতি দিবস ২০১৪ উদযাপন সংক্রান্ত সেমিনারে আমন্ত্রণ পত্র		১৬০

Voices From Slums

বস্তিবাসীর অধিকার : পরিবেশবান্ধব বাসস্থান

Sanitation in Slums: Issues and Ways Forward

Syed Azizul Haq, PEng, Additional Chief Engineer, Public Works Department(PWD)

INTRODUCTION

According to the Bangladesh Bureau of Statistics (BBS) a slum is defined as a cluster of compact settlements of five or more households that generally grow very unsystematically and haphazardly in an unhealthy condition and atmosphere on government and private vacant land. Virtually these slums are formed by the migrants from different parts of the country who basically find their perennial living place not helping in earning minimum livelihood or are forced to leave for various unavoidable reasons. Majority of these migrants are from the rural areas and destination is the slums of urban or peri-urban areas. Day by day the number and size of these slums are increasing. In 2010 the population of slums was 30 per cent of the metropolitan population and about 15 percent of the overall urban population and about 5 per cent of the total population of the country (UNICEF, 2010).

Some of the criteria used by the BBS to characterize slums include predominantly poor housing, poor quality or no sewerage and drainage, inadequate drinking water supply, insufficient or no street lighting and few or no paved road or path. Living conditions in urban slums are often appalling and in fact, much worse than those in most rural areas. Among the basic requirements for living in a place, water is the most vital element to be available in acceptable quality and quantity and the next is sanitary drainage facility available in and around the place. These two requirements are the primary need for maintaining sanitation in the slum areas.

Slum settlements are often found on uncared vacant land which is in most cases unsuitable or not manageable for desired development. For instance areas like low lying marshy land, sides of canals, rivers and railway tracts, embankments etc. are frequently turned into the sites of slums.

Almost all the slum dwellers live with a perpetual mental agony of facing eviction at any time, by the land owners or by the law enforcing agencies, along with losing the living place due to various other man made hazards. So wherever possible they try for getting a shelter first, then in course of time they keep on trying to enlarge their living shelter bothering less about sanitation thinking that open defecation would be the last choice in unavoidable situation and fetching water from distant available sources would help mitigating their minimum demand for. In this paper the issues related to sanitation, including water supply, have been focused and some suggestions are put forward as mitigating measures.

URBAN SANITATION SCENARIO

Bangladesh is one of the most densely populated countries in the world, with more than 1000 people per sq.km. About one quarter of the population lives in urban areas, where population

density is 200 times greater than the national figure and population growth is twice the national average (UNICEF, 2008). Urban population growth is around double the overall population growth rate which was found as high as 4.25% in 2004 (WB, 2007). If this continues, by 2030, half of the population will be urban, most of them below the poverty line. Many villages all over the country have grown into towns and especially the major urban centers have grown very rapidly. Dhaka is one of the fastest growing mega-cities in the world, with an estimated 300,000 to 400,000 new migrants, mostly poor, arriving in the city annually (ADB, 2009). So, urban boundary and population is increasing along with rapid growth in number and size of the slums. As a result, in all the urban centers, fast growing of population and enlarging urban boundary causes availability of water supply and sanitation services limiting day by day. A World Bank report recently estimated that the percentage of the urban population benefiting from access to safe water supply and sanitation (WSS) services is only 50% (ADB, 2007).

Urban water supply

It is more or less true that all the urban areas are facing shortage of water though Dhaka Water Supply Authority (DWASA) claims that they are producing surplus water than the demand is (New Age, 2014). Urban water supply is virtually dependent on ground water and a little portion is supported by treated surface water from the river or lake. The over dependency on groundwater resulted in lowering of the water levels of the deep aquifers of the cities amongst which Dhaka is experiencing the worst situation where, according to a study by the Institute of Water Modelling (IWM) in 2009, groundwater is going down three meters every year (Sengupta et al, 2012). Urban drinking water coverage is also decreasing; in 1990 the coverage was 88% but in 2006 the coverage was found 85% (Water Aid 2008). The coverage of piped water supply systems in the hundreds of towns has, however, remained incomplete due to insufficient funds.

Urban sanitation

Poor sanitation is a major public health issue in all urban areas. Urban sanitation primarily addresses the sewerage management coverage in the respective areas. In this perspective Dhaka has a little better condition than other urban centers. The sanitation system of Dhaka city is comprised of water borne sanitary sewerage system, combined sewer system, small bore sewer (SBS) system, septic tank with soak well and pit latrine (Ahmed and Ashfaque, 2004). Sanitary sewerage system covers about 25% of the population (Barkat et al, 2011) and in the un-sewered section septic tank system covers 40% and sanitary pit latrines cover 15% of the population. The remaining 27% people of Dhaka city do not have any acceptable sanitation system (MoLGRD, 1994). According to BBS, in urban areas 55.09% use sanitary toilets, 36.55% unsanitary latrine and 8.36 % have nothing (BBS, 2010).

SLUM SANITATION SCENARIO

The nature of shelters mostly erected in slums is termed as Jhupry. Juphries for individual families are constructed side by side leaving no space in between or having little passing through space of width about 0.3 to 0.6 m. In slums density of population is extremely high. The crowding includes more than 1,000 people per acre (UNICEF, 2010) and generally three or more adults live in a room of about 3.6 sqm. These areas have few or no basic utility services, including potable water, sanitation, drainage, etc. Lack of infrastructure causes slum dwellers to live in a sub-human condition: diseases, unsafe water, and unhygienic disposal of excreta. (Siddique et al, 1998).

High population density and over-fullness living in almost no or very poor ventilated shelters in unhealthy environment, the general health condition of slum dwellers is in very vulnerable condition. In a survey it is revealed that 50% of the slum dwellers suffer from fever from cold, 8% suffers from bowel obstruction as a health problem and 7% have gastric/peptic ulcer, 6% responses were recorded for diarrhea/loose motion, asthma and skin disease each (UNICEF, 2010).

Sanitation situation in slums

Slums are characterized primarily by a very common feature of having no or very poor sanitation situation in the area. In slums individual family cannot think of having one latrine where use of shared latrine is very common. The latrines whatever they use can hardly be termed as sanitary latrine in true sense. High space limitation in slums refrains from installing sufficient number of latrines at suitable location. Majority of the latrines are hanging type built over stagnant water bodies, open surface drains or canals etc. Poorer households make more use of cluster or community latrines possessing 1 to 5 stalls connected to some sort of septic tank or to the public sewer system if any (Hanchett, 2003). The types of latrine generally used in slums have been given in Table 1.

Table1. Sanitation key statistics of urban slums, Source: MICS 2006

Latrine condition	Slums	National
Use of sanitary latrines (%)	20	58
Use of hanging latrines (%)	61	15
Safe disposal of under 5 children's faeces (%)	28	44

Water situation in slums

In slums no individual family get the access of water from any individual's source of water. More than one household have to share a water source. The general and common sources of water are either a water hydrant provided by the municipalities and WASA or shallow tube well. The slum residents of Dhaka generally dependent on supplied water by City Corporation while those in the other cities usually depends on shallow tube wells. These tube wells or tap water is found accessible to over 90% of the slum dwellers but the location of these sources of water is not very ideal. For the six big cities at least 10% of the slum clusters had their water source outside the cluster (CUS, 2006). A small proportion of households about1.9% collect their drinking water from other sources like rivers, ponds, lakes, canals etc. (CUS, 2006). In case of supplied water through pipes, one tap is shared by about 6 to 20 families. In many slum dwellers are reported to be paying as much as Tk. 2 per bucket of water, several times more than the price paid by city dwellers having legal water connection (WB, 2007). Percentage of water use from different sources of water by the slum residents in different cities have been shown in Table 2.

Table 2: Percentage of water use from different sources of water by the slum residents in different cities. Source CUS, 2006.

City	Municipal Tap	Tube well	Other sources	Number of cluster
Dhaka	92.3	6.5	1.2	4,966
Chittagong	28.7	65.2	6.1	1,814
Khulna	2.1	97.9	0.0	520
Rajshahi	12.8	87.3	0.0	641
Sylhet	36.3	62.8	0.9	756
Barisal	15.6	84.4	0.0	351
All Cities	61.1	37.0	1.9	9,048

The quality of water collected from various sources of water in some slums of Dhaka was found to be very unsatisfactory. From a field survey the quality of water found in slum of Dhaka has been shown in Table 3.

Table 3: The mean value of the water quality test (Alam, 2007).

Water quality test	Colony forming units (cfu) per 100 ml water at	
	Point-of-source	Point-of-use
Total Coliform per 100 ml water	651	919
Faecal Coliform per 100 ml water	450	636
Faecal Streptococci per 100 ml water	71	80

The test values at the point-of-use are found greater than that at the point-of-source due to drinking water contaminated by behavioral activities (Alam 2007).

Improvement initiatives

Bangladesh government took the Slum Improvement Project (SIP) under the Local Government and Engineering Department (LGED), started in 1985 in five municipalities and later on expanded to four city corporations and twenty-one municipalities. There were six specific objectives of the project amongst which improving overall living conditions in the slums was one of the important objectives to achieve. One of the major component of the program was infrastructure development which included one shallow tube well for each group of ten to fifteen families, one Tara pump for two groups, or one deep tube well for three groups, are installed. One water-seal latrine for three families or one community latrine cum bio-gas plant is installed, depending on the requirements (Siddique et al, 1998). All programs together have made very little impact on improvement of slums in Dhaka, due to the massive scale of the problem (WB, 2007). There is another example of government initiative in this regard, which is the rehabilitation of the slum dwellers at Bhashanteck in Dhaka. This project has been planned for improving their living condition by housing them in multi-storey building supported by related infrastructures and facilities (Kabir 2011). This project is yet to be functioning.

Some non government organizations (NGO) took various initiatives according to their respective mandates to improve various socio-economic and environmental factors of development for the slum dwellers. There are some NGOs who opt for improving the sanitation condition along with improving water availability in the slum areas. One of such initiative by a NGO, named Dushtha Shasthya Kendra (DSK) sponsored by the international NGO Water Aid, has been focused herein to show the nature of improvement program normally taken with a view to improving water and sanitation situation in the slum areas. In the development program provision for sanitation was planned by the design of sanitation blocks, as shown in the Figure 1, including water points, bathing stalls and hygienic latrines and urinals for a cluster in a slum. Latrines were connected to septic tank. Such sanitation blocks, having water points and bathing facilities along with 12 latrine stalls and two urinals, have been designed to serve up to 500 people, i.e. about 40 people will be using one latrine.

Water points provide easy access to collect water. The water hydrant points are installed by making connection to the nearby water mains provided by the concern water supply authority. These water points consist of an underground water storage reservoir where water is collected from the nearby water mains through making connection by pipe. Two hand-operated suction pumps are provided, one hand pump is installed on the reservoir to draw water directly from the reservoir and the other one is installed connecting directly to the supply main line. The reservoir is provided because of the irregular water supply in the mains. Space for bathing or washing clothes have also been kept near the pump.



Figure:1. A sanitation block designed for improvement of sanitation of a slum (Hanchett, 2003).

Critical review of the initiatives for sanitation improvement

From the common objective of improving environmental and living condition in slum areas by both the government and non government organizations, it is evident that the improvement of latrine facilities and making availability of water are considered as the important initiatives to be taken. Improvement of latrine basically refers to development of sanitary latrine. The important features of a sanitary latrine are 1. Flushing system, 2. Trap 3. Drainage ventilation 4. Sewage digestion tank and 5. Effluent management system. In any form these components shall be incorporated in developing sanitary latrine. Absence of any one will make the latrine unsanitary.

In the sanitation block designed by DSK it is seen that no flushing system has been provided. Though the drainage piping is not shown, it can be presumed that no trap has been used under the pan because when trap is used pour flushing cannot easily flush out the excreta maters retaining on the pan. To run the digestion process septic tank has been considered. A sanitation block serving 500 people will need a combination of two septic tanks where, according to Bangladesh National Building Code (BNBC) 1993, one cannot be bigger than 300 user septic tank (HBRI, 1993). Finally it is not mentioned how the effluent of septic tank is managed. No slum sanitation system in Dhaka is found connected with sanitary sewer system (Rahman et al, 2014). In this back drop, in the slums, connection of septic tank to the sewer, most probably, would be with storm sewer which is unlawful, unethical that cannot be allowed.

Though the position of septic tank is not shown it can be thought that it would be near to the sanitation block. If it is so than water reservoir under the sanitation block would be near to the

septic tank which cannot be recommended. Installation of hand pump connecting directly to the water main cannot be allowed because this can cause contamination of supplied water.

Ways forward

The slum sanitation situation can be developed by economic design of sanitation block consuming less energy and water as well. For this purpose in-depth research is needed to develop economic and at the same time energy and water efficient sanitary latrine system suitable for the slum dwellers. In this perspective following suggestions and some solutions have been furnished herein.

1. A sanitation block should be designed for serving 300 people where a single chambered septic tank can be designed over which stalls of latrines can be placed. 6 to 8 latrines can be placed over.
2. To avoid mechanical flushing specially designed deep pan designed by the under writer (yet to be patented) as shown in the Figure 2 can be used.
3. Under this deep pan a mechanical seal trap (Haq, 2012) designed by the under writer (applied for patent) as shown in the figure 3, should be used.
4. Where there is no sanitary sewer nearby, this type of development should not be taken into consideration.
5. Periodical desludging of sludge from the septic tank shall have to be ensured. Otherwise the system will become malfunctioning after the design period is over.
6. A shallow tube well or water hydrant by connecting with water main shall be installed nearby to collect ablution water.
7. Water reservoir shall be constructed separately at a safe distance of minimum 30 ft. from the nearest septic tank or latrine blocks (EHS, 2010).
8. Where possible rainwater harvesting system shall have to be introduced.



Figure 2. Special designed 'Deep Pan' for sanitary latrines to be used without flushing mechanism.

Figure 3. Various 'Mechanical Seal Traps'.

Concluding remarks

Due to the poor socio-economic background of the majority slum dwellers, they show little interest in upgrading their water supply and sanitation situation. The poor slum dwellers may be willing to have improved sanitation system if they are supported by any agencies those come forward to help them. In the name of development or improvement these initiatives should not be non compliant to the local code of practice in this regard. To make economy only the type of construction material might be compromised but in no case the code of practice can be overlooked.

Reference

Alam, Mohammad Jahangir (2007) 'Water quality tests and behavioral factors of child diarrhea in Dhaka slums' BRAC University Journal, Vol. IV No. 1, 2007, pp. 103-109

Asian Development Bank (ADB), (2007), Urban Sector and Water Supply and Sanitation in Bangladesh, Evaluation Study report, SAP: BAN 2009-02, Dhaka.

Bangladesh Bureau of Statistics (BBS) (2010), 'Statistical Yearbook of Bangladesh -2010'

Bangladesh Bureau of Statistics (BBS) (2008), 'Bangladesh Multiple Indicator Cluster Survey 2006, Study document,

Barkat, A. et al (2011), 'Study on Allocation, Targeting and Effectiveness of Sanitation Subsidy in Bangladesh',. Human Development Research Centre (HDRC), Dhaka.

Center for Urban Studies (CUS) (2006) 'Slums of Urban Bangladesh : Mapping and Census, 2005' Dhaka, Bangladesh

Environmental Health Services (EHS) (2010), 'Design Specifications for Sewage Disposal System' Health and Social Services, Yukon

Hanchett, Suzanne et al (2003) 'Water, sanitation and hygiene in Bangladeshi slums: an evaluation of the WaterAid Bangladesh urban programme', International Institute for Environment and Development. http://eau.sagepub.com/content/15/2/43

Haq, Syed Azizul (2012) 'Development of a user friendly mechanical seal trap for sanitary latrines', Proceeding of the International Conference on Innovation and Technology for Sustainable Built Environment, University International Technology Malaya. Ipoh.

Housing and Building Research Institute (HBRI), (1993), 'Bangladesh National Building Code', Dhaka.

Kabir, Tamanna (2011),' Factors affecting slum resettlement projects in Bangladesh: A case study of Bhasantek Rehabilitation Project, Dhaka., A MSc Thesis, Erasmus University, Rotterdam.

Local Government Engineering Department (LGED) (1997). Slum improvement project reference manual, Dhaka.

MoLGRD, UNDP, UNICEF, UNDP-World Bank Water and Sanitation Program, (1994) "Bangladesh Situation Analysis Water Supply and Sanitation, September.

Rahman, M., Atkins, P.J. and McFarlane, C.(2014) 'Factors affecting slum sanitation projects in Dhaka City: learning from the dynamics of social-technological-governance systems'Journal of Water, Sanitation and Hygiene for Development 4, 346-58

Siddique QI, Alam ABMA, Rahman M, Rahman A, Jahan H. (1998) Case study on a slum improvement project in Dhaka metropolitan city. Second International Expert Panel Meeting on Urban Infrastructure Development. UNCRD Proceedings Series, vol. 26. Bangkok

Sengupta Sushmita, Amandeep Kang, Nitya Jacob, (2012),' Water Wealth 'A Briefing Paper on the State of Groundwater Management in Bangladesh, http://www.cseindia.org/userfiles/groundwater_management_bangladesh.pdf

The Daily New age (2014), 'Several city areas face water crisis', A report by Ferdous Ara, April 29 issue.

UNICEF Bangladesh (2008), 'Sanitation, Hygiene and Water Supply in Urban Slums'., Fact Sheet,

UNICEF Bangladesh (2010), 'Understanding Urban Inequalities in Bangladesh: A prerequisite for achieving Vision 2021'A study report, Planning, Monitoring and Evaluation Section, Dhaka-1000, Bangladesh.

Water Aid (2008), 'Turning slums around: The case for water and sanitation' Discussion paper, Durham Street, London, UK.

World Bank (WB), (2007),' Dhaka: Improving Living Conditions for the Urban Poor', Bangladesh Development Series Paper No. 17, Dhaka

বস্তিবাসীর অধিকার ও পরিবেশবান্ধব বাসস্থান

মোহাম্মদ আবু সাদেক, পিইঞ্জ
পরিচালক
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

ভূমিকা

বর্তমান বিশ্বে জনসংখ্যার অর্ধেকেরও অধিক মানুষ নগরে বসবাসের কারনে নগর এলাকাগুলি দ্রুত নগরায়ন, বিশ্বায়ন ও জলবায়ু পরিবর্তনের প্রতিক্রিয়ার কেন্দ্র বিন্দুতে পরিণত হয়েছে। ধারণা করা হচ্ছে যে, বিশ্বের নগরসমূহে ২০৩০ ও ২০৫০ সাল নাগাদ জনসংখ্যার পরিমান দাড়াবে যথাক্রমে শতকরা ৬০ ও ৭০ ভাগ। পৃথিবীর জনসংখ্যার ১০০ কোটি মানুষ বসবাস করছে নিম্ন মানের আবাসস্থলে যেগুলো অপরিকল্পিত ও অধিকাংশ ক্ষেত্রে অবৈধভাবে স্থাপিত হওয়ার কারনে তাতে নিরাপত্তা ও সুযোগ-সুবিধাসমূহ অপর্যাপ্ত। ২০২০ সাল নাগাদ বিশ্বের নগরবাসীদের মধ্যে প্রায় ৯০ কোটির আবাসস্থল হবে বস্তি এবং অস্থায়ী স্থাপনায় যেগুলো কোন প্রকার নগর পরিকল্পনার অন্তর্ভূক্ত নয়।

বিশ্ব বসতি দিবস ও এ বছরের প্রতিপাদ্য

Shelter is my Right এই প্রতিপাদ্য নিয়ে ১৯৮৬ সাল থেকে জাতিসংঘের উদ্যোগে প্রতিবছর অক্টোবর মাসের প্রথম সোমবার বিশ্ব বসতি দিবস উদযাপন হয়ে আসছে। এ বছরের বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য হচ্ছে 'Voices from Slums' যা বাংলাদেশে 'বস্তিবাসীর অধিকার- পরিবেশবান্ধব বাসস্থান' হিসেবে গ্রহণ করে বস্তিবসীর অধিকারকে সন্মান ও স্বীকৃতি প্রদান করা হয়। বিশ্ব বসতি দিবস ২০১৪ প্রচারনার লক্ষ্য হচ্ছে বস্তিবাসীর অধিকারকে স্বীকার করে তাদের জীবন মান উন্নয়নে সক্ষম করে তোলা। এ বছরের বিশ্ব বসতি দিবসের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ।

- নগরের বস্তিসমূহে জীবন যাত্রার অবস্থা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা
- যারা বস্তিতে বসবাস করেছে বা করছে তাদের জীবনযাত্রার ইতিহাস সংরক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা
- বস্তুনিষ্ঠ ঘটনার বিবরণের মাধ্যমে নগর কেন্দ্রিক নীতিনির্ধারকদের বস্তি উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে বস্তিবাসীর উন্নত জীবন অর্জন এবং অর্থনৈতিক ও সামাজিক পরিবেশ কীভাবে উন্নত করা যায় সে বিষয়ে দিকনির্দেশনা প্রণয়ন করা।
- পৃথিবীর শহরসমূহ ও নগরাঞ্চলে বস্তি উন্নয়নের অভিজ্ঞতা বিনিময় করা।
- বস্তির জীবনকে নগরের সাথে একিভূত করার ক্ষেত্রে উদ্ভুত বিভিন্ন বিষয়ের বিস্তৃত ক্ষেত্রকে সামনে রেখে নীতিনির্ধারণী সংলাপে অবদান রাখা।
- নীতিমালা প্রণয়ন এবং সক্ষমতা বৃদ্ধির বিষয়গুলো চিহ্নিত করা। যেগুলোতে জাতিসংঘের কার্যক্রম, বিশেষ করে UN-HABITAT থেকে গুরুত্বপূর্ণ অবদান রাখার প্রস্তাব করা।
- বস্তির উন্নয়ন ও পর্যাপ্ত গৃহায়নে অর্থপূর্ণ ভূমিকা পালনকারীদের সনাক্তকরণ এবং পরবর্তী আলোচনায় তাদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা।

২০১৬ সালে অনুষ্ঠিতব্য তৃতীয় বিশ্ব মানব বসতি মহাসম্মেলন (Habitat-III)-এর প্রাক্কালে এ বছরের প্রতিপাদ্যটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে উন্নয়নশীল দেশসমূহের ক্রমবর্ধমান জনসংখ্যা ও নগরায়নের প্রেক্ষাপটে বিষয়টি অত্যন্ত সময়োপযোগী এবং তাৎপর্যপূর্ণ।

সহযোগিতায় : (১) **শাহ মোঃ আবুরায়হান আলবেরুনী,** আইন উপদেষ্টা (যুগ্ম সচিব) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
(২) **মোঃ আকতার হোসেন সরকার,** সিনিয়র রিসার্চ অফিসার, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

১৯৭৬ সালে কানাডার ভানকুভারে অনুষ্ঠিত প্রথম বিশ্ব মানব বসতি মহাসম্মেলন থেকে ৬৪টি সুপারিশমালা ঘোষণা করা হয়। পরবর্তীতে ১৯৯৬ সালে তুরস্কের ইস্তাম্বুলে অনুষ্ঠিত দ্বিতীয় হ্যাবিটেট মহাসম্মেলন থেকে ইস্তাম্বুল ঘোষণা ব্যক্ত করা হয়। এ সকল সুপারিশমালা ও ঘোষণায় একুশ শতকের নগরসমূহে জনসংখ্যা বৃদ্ধির বিষয়টিকে সর্বাধিক গুরুত্ব প্রদান করা হয়। বিশেষ করে Habitat-II মহাসম্মেলন থেকে দুটি বিষয়ে গুরুত্ব দেয়া হয়

- সবার জন্য পর্যাপ্ত বাসস্থান এবং
- নগরীয় টেকসই মানব বসতি উন্নয়ন

পরবর্তীতে ২০০০ সালের সেপ্টেম্বরে অনুষ্ঠিত মিলেনিয়াম সামিট এবং ২০০১ সালের জুন মাসে জাতিসংঘ সাধারণ পরিষদের ইস্তাম্বুল+৫ বিষয়ক বিশেষ অধিবেশনে বিশ্বের সকল দেশের নগরসমূহে বস্তি ও বাস্তুহারা এলাকার উন্নয়নের ঘোষণা প্রদান করা হয়। এ সকল সম্মেলন থেকে ২০২০ সালের মধ্যে বিশ্বের ১০০ মিলিয়ন বস্তিবাসীর জীবনমানে পরিবর্তন আনার অঙ্গীকারও ব্যক্ত করা হয়। এ লক্ষ্যে ২০০১ সালে জাতিসংঘ বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য ঘোষণা করেছিল Cities without Slums। ঐ বছর জাতিসংঘ মানব বসতি কেন্দ্রের নির্বাহী পরিচালক বস্তিমুক্ত নগর গড়ায় সচেষ্ট হওয়ার আহ্বান জানিয়ে নিম্নরূপ নীতি ও কর্মধারা অনুসরনের আহ্বান জানান-

- আঘাত করুন দারিদ্র্যকে, দরিদ্রকে নয়
- অপসারন করুন বস্তি, বস্তিবাসীকে নয়
- উচ্ছেদ করুন অবৈধ বসতি, অবৈধ বসতকারীকে নয়।

জাতিসংঘের তথ্যে দেখা যায়, বর্তমানে পৃথিবীর অর্ধেকেরও বেশি (৫৮ কোটির অধিক) বস্তিবাসীর বসবাস হচ্ছে এশিয়ায়। UN-HABITAT এর হিসাব অনুযায়ী চীনের নগর জনসংখ্যার ৩৮% এবং ভারতের নগর জনসংখ্যার ৫৬% বস্তিবাসী।



বাংলাদেশের প্রেক্ষাপট

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর তথ্য অনুযায়ী বস্তির সংজ্ঞা হচ্ছে পাঁচটি বা ততোধিক পরিবারের আবাস স্থলের সমাবেশ যা অপরিকল্পিত, অস্বাস্থ্যকর পরিবেশে সরকারি বা ব্যক্তিগত পতিত জমির উপর গড়ে উঠে। সুযোগ-সুবিধা বঞ্চিত একচালা/দু'চালা বাঁশ, খড়, চট ও টিন বা পলিথিনের চালার জনবসতির বেশিরভাগ জনগোষ্ঠীই দারিদ্র্য সীমার নিচে এবং পর্যাপ্ত পয়ঃপ্রণালী ও রাস্তাঘাটের অভাবে অস্বাস্থ্যকর পরিবেশে বসবাস করে থাকে।

প্রকৃত পক্ষে এই বস্তিগুলো গড়ে উঠে সেই সকল অভিবাসীদের দ্বারা যারা দেশের বিভিন্ন অঞ্চলের জীবন ধারনের নিমিত্তে ন্যূনতম জীবিকা অর্জনে ব্যর্থ হয়ে স্থানান্তরিত হতে বাধ্য হয়। এই সকল অভিবাসীদের অধিকাংশই গ্রামাঞ্চল থেকে আগত যাদের গন্তব্য স্থল হচ্ছে নগর অথবা উপ-নগরীয় অঞ্চলের বস্তিসমূহ। দিনে দিনে এই সকল বস্তির আয়তন এবং সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। ২০১০ সালে বাংলাদেশে মেট্রোপলিটান এলাকার জনসংখ্যার শতকরা ৩০ ভাগ এবং সার্বিক নগর জনসংখ্যার শতকরা ১৫ ভাগ ছিল বস্তিবাসী এবং সারা দেশের মোট জনসংখ্যার তা শতকরা ৫ ভাগ (ইউনিসেফ ২০১০)।

চাঁদপুর শহরের বাণিজ্যিক প্রাণকেন্দ্র পুরান বাজার এলাকায় মেঘনা নদীতে গতকাল আকস্মিক ভাঙ্গন শুরু হয়েছে। এই ভাঙ্গনে মূহুর্তেই নদীগর্ভে চলে গেছে শহর রক্ষা বাঁধের প্রায় ১২০ মিটার এলাকা। ভাঙনে এলাকাবাসীর মধ্যে আতঙ্ক বিরাজ করছে ● ছবি : প্রথম আলো

নদী ভাঙন রংপুরের কাউনিয়া উপজেলার বালাপাড়া ইউনিয়নের চর চুষমারা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দোতলা ভবনের একাংশ তিস্তায় ভেঙে পড়েছে। ভাঙন অব্যাহত থাকলে ২০১০ সালে নির্মিত এই ভবনটি পুরো বিলীন হয়ে যাবে। গত শনিবার তোলা ছবি ● মইনুল ইসলাম

বন্যার পানিতে তলিয়ে গেছে ঘরবাড়ি-রাস্তাঘাট। চলাফেরার জন্য নৌকাই এখন একমাত্র ভরসা। জামালপুরের ইসলামপুর উপজেলার হরিণধরা গ্রাম থেকে তোলা ছবি। ● প্রথম আলো-

বন্যার পানিতেই বসবাস, ঘরগৃহস্থালি। কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার বালাডোবা গ্রাম থেকে গতকাল তোলা ছবি ● সফি খান

বিশ্বব্যাপী আশ্রয় ও গৃহহীনদের গৃহসংস্থানের ব্যাপারে জাতিসংঘ তথা আন্তর্জাতিক অংঙ্গীকারের সাথে বাংলাদেশের বর্তমান গণতান্ত্রিক সরকারও পূর্ণ সমর্থন এবং সংহতি প্রকাশ করেছে। সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও সরকারের আন্তরিক প্রচেষ্টায় ও সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে দেশের নগরসমূহে বসবাসরত দরিদ্র জনগোষ্ঠি ও বস্তিসমূহের উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। ১৯৭৪ সালে বাংলাদেশে সর্বপ্রথম জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বস্তি সমস্যা সমাধানের লক্ষ্যে দেশে বস্তি শুমারির উদ্যোগ গ্রহন করেন।

নগরায়নের সাথে সাথে নগর দারিদ্র্যদের ঘিঞ্জি বসতির প্রকোপ ক্রমেই বৃদ্ধি পেয়ে চলছে

বস্তির বাড়ি ঘরের করুন দশা

নিরাপদ পানির অভাবে নোংরা দূষিত পানিতেই শিশুদের গোসলসহ অন্যান্য কাজ সারতে হয়

বস্তিতে সবচেয়ে ভয়াবহ পরিস্থিতি হচ্ছে পয়ঃ ব্যবস্থার

বর্তমান সরকার দরিদ্র জনসাধারণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় গুরুত্ব প্রদান করেছে। একই সাথে সরকার দারিদ্র্য বিমোচনে নগর অংশীদারিত্ব প্রকল্প হাতে নিয়েছে। বস্তিবাসীদের গ্রামে ফিরে যাওয়াকে তরান্বিত করতে ১০০ দিনের কর্মসংস্থান কর্মসূচি, কাজের বিনিময়ে খাদ্য ও একটি বাড়ি একটি খামার, ইত্যাদি প্রকল্প চলমান রয়েছে। বস্তিবাসীদের জন্য ভূমি মন্ত্রণালয় সর্বপ্রথম ঢাকার মিরপুরস্থ ভাষানটেকে ফ্লাট বরাদ্দ প্রকল্প বাস্তবায়ন করে। এছাড়া টঙ্গি ও ডেমরায় বস্তি পূর্নবাসন কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে। ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলের বস্তিসমূহে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বস্তি উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়নে বেশকিছু কাজ সম্পন্ন করা হয়েছে।

জলবায়ু পরিবর্তন ও স্থানচ্যুতি

জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশ অনেক বেশি প্রাকৃতিক বিপর্যয়ের সম্মুখীন হচ্ছে এবং এসব প্রাকৃতিক বিপর্যয় যেমন: বন্যা, খরা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, লবণাক্ততার অনুপ্রবেশ এবং নদী ভাঙ্গনে স্থানচ্যুত মানুষের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। জলবায়ু পরিবর্তনের কারনে ভবিষ্যতে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, লবণাক্ততার অনুপ্রবেশ ও নিম্নভূমি তলিয়ে যাওয়ার কারণে বিরাট জনগোষ্ঠীর স্থানচ্যুতি ঘটবে।

অভিগমন

বর্তমান বিশ্বের প্রায় ৫৩ শতাংশ মানুষ শহর এলাকায় বসবাস করে এবং ধারণা করা হয় আগামী ২০৫০ সাল নাগাদ এর পরিমান দাঁড়াবে প্রায় ৭০ শতাংশ। কর্মসংস্থানের সুযোগ এবং উন্নত জীবনযাত্রার লক্ষ্যে প্রতিনিয়ত গ্রাম থেকে শহরমুখী মানুষের অভিগমন চলছে। বাংলাদেশের নগরায়নে এই অভিগমনের গুরুত্ব অপরিসীম। ২০০১ সালের আদমশুমারী অনুযায়ী বাংলাদেশের শহরসমূহের জনসংখ্যা প্রায় ২৮.৬ মিলিয়ন এবং বৃদ্ধির হার ৩.৫ শতাংশ। বর্তমানে দেশের নগরায়নের মাত্রা ২৭ শতাংশ যা আগামী ২০৩৫ সাল নাগাদ বৃদ্ধি পেয়ে ৫০ শতাংশে উন্নীত হতে পারে।

পৃথিবীর অন্যান্য উন্নত শহরে, মহানগরের জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে সেবা সুবিধাদি যেমন-যোগাযোগের রাস্তা, আবাসিক ও বাণিজ্যিক সুযোগ- সুবিধা, কর্মসংস্থান, বিনোদন, উন্মুক্ত প্রান্তর, জলাভূমিসহ বিদ্যুৎ, গ্যাস, পয়ঃ নিষ্কাশন এবং সুপেয় জলের অবাধ সরবরাহের সুচিন্তিত ব্যবস্থা সুনিশ্চিত করার পর বাসোপযোগী করে গড়ে তোলা হয়। সে তুলনায় ঢাকা মহানগরের অনেক সেবা-সুবিধাদির অপর্যাপ্ততা সত্ত্বেও দ্রুত গতিতে অপরিকল্পিত ভাবে নির্মিত দালানকোঠার সংখ্যা অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাচ্ছে। পানি, বিদ্যুৎ, গ্যাস এবং পয়ঃনিষ্কাশনসহ রাস্তাঘাটের সুবিধা যা আছে তাই, এর কোন পরিবর্তন লক্ষণীয় নয়। ফলে ঢাকা মহানগর দৈব-দুর্বিপাকের শহরে পরিণত হচ্ছে।

বাংলাদেশের বর্তমান নগরায়নে অভিগমনের কারণসমূহ সারণি-২ এ দেখানো হলো। পর্যালোচনায় দেখা যায় যে, অর্থনৈতিক ও পরিবেশগত কারণে ৮২ ভাগ জনগোষ্ঠী অভিগমন হয়ে থাকে। অর্থনৈতিক ও পরিবেশগত কারণ অভিগমন প্রধানত প্রাকৃতিক দুর্যোগ জনিত। নগরমুখী অভিগমনের কারণের শতকরা হার পাই চিত্র-১ এ দেখানো হলো।

সারণি-১ : অভিগমন ও নগরায়ন

ক্রম	অভিগমনের কারণ	%	মন্তব্য
১.	অর্থনৈতিক কারণ (Economic reasons)	৫৫.৪০	প্রধানত প্রাকৃতিক দুর্যোগ জনিত কারন
২.	পরিবেশগত কারণ (Environmental reasons)	২৬.৬০	
৩.	ব্যাক্তিগত কারণ (Personal reasons)	০৯.১০	
৪.	সামাজিক-রাজনৈতিক কারণ(Socio-political reasons)	০০.৮০	
৫.	অন্যান্য কারণ (Others)	০৭.৯০	

উৎস : আরবান বাংলাদেশ, চ্যালেঞ্জেজ অব ট্রানজিশন

পাই চিত্র -১ : নগরমুখী অভিগমন কারণের শতকরা হার



দরিদ্রদের জন্য আবাসন ও বস্তি উন্নয়ন

বাংলাদেশ বিশ্বের একটি অন্যতম জনবহুল কৃষি প্রধান দেশ। বিগত চার দশকে বাংলাদেশের জনসংখ্যা দ্বিগুণেরও বেশি বৃদ্ধি পেয়ে বর্তমানে কম বেশি ১৬ কোটিতে পৌছেছে এবং প্রতি বছর গড়ে ২২ লক্ষ করে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে। জনসংখ্যার এ ক্রমবৃদ্ধিতে দেশবাসীর খাদ্য ও আবাসন চাহিদা মেটাতে অব্যাহতভাবে চাপ বাড়ছে দেশের কৃষিজমির উপর।

২০১১ সালের আদমশুমারী অনুযায়ী প্রতি বর্গমাইল এলাকায় জনসংখ্যার ঘনত্ব ১১৫৬.১৩ জন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রাপ্ত তথ্যে জানা যায়, ১৯৮৬ সালে সারাদেশে বসতবাড়ির সংখ্যা ছিল ১ কোটি ৩৮ লাখ ১৮ হাজার যা ২০০৩ সালে বৃদ্ধি পেয়ে ১ কোটি ৭৮ লাখ ৪২ হাজার এবং ২০০৯ সালে ১ কোটি ৯২ লাখ ৬০ হাজারে উন্নীত হয়েছে। ফলে বাংলাদেশে গড়ে প্রতি বছর ২ লাখ ৫৩ হাজারের অধিক নতুন বসতবাড়ি নির্মিত হচ্ছে। নতুন বাড়ি নির্মাণের জন্য মূলতঃ কৃষিজমিই ব্যবহার করা হচ্ছে। জনসংখ্যা বৃদ্ধির পাশাপাশি প্রতিনিয়ত গৃহ ঘাটতিসহ গৃহায়ন সংশ্লিষ্ট নেতিবাচক সমস্যা বৃদ্ধি করছে যার অন্যতম হচ্ছে নিম্নরূপ :

- গৃহহীন পরিবারের সংখ্যা বৃদ্ধি
- যেখানে সেখানে বস্তি স্থাপন ও জবর দখলকৃত, অননুমোদিত এবং অপরিকল্পিত বসতির সংখ্যা বৃদ্ধি
- বিদ্যুৎ পয়ঃনিষ্কাশন, সুপেয় পানি সরবরাহ ও সুষ্ঠু ড্রেনেজ ব্যবস্থার অভাব

- নিম্নবিত্ত ও সাধারণ মানুষের ক্রয় সীমায় বাসগৃহের দুষ্প্রাপ্যতা
- পরিকল্পনা ও ব্যবস্থাপনায় নারীসহ গণঅংশগ্রহণের অভাব
- গবেষণালব্ধ উদ্ভাবনসমূহের প্রচার ও প্রসারের অভাব

লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের গ্রামাঞ্চলে সেমিপাকা ও একতলা পাকা নির্মাণের প্রবণতা সাম্প্রতিক সময়ে বৃদ্ধি পেয়েছে। কৃষিজমিতে যত্রতত্র ইটের ভাটা স্থাপন করে একদিকে যেমন কৃষি জমির উপরিস্থিত উর্বর মাটির ব্যবহার ও মাটি পোড়ানোর কারনে ফসল উৎপাদন মারাত্মকভাবে হ্রাস পেয়েছে এবং ক্রমান্বয়ে ব্যবহারযোগ্য কৃষি জমি হ্রাস পাচ্ছে। এ জন্য বাড়তি জনগণের খাদ্য চাহিদা মেটাতে অভ্যন্তরীণ খাদ্য উৎপাদন মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। এসকল সমস্যার সাথে প্রাকৃতিক দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রভাবে বিশেষ করে নদী ভাঙ্গন, ভূমিহীনদের সংখ্যা বৃদ্ধি, গ্রাম পর্যায়ে কর্মসংস্থানের অভাব, সামাজিক নির্যাতন ও নিপীড়ন ইত্যাদি কারণ সহায় সম্বলহীন মানুষকে জীবিকার সন্ধানে গ্রাম ছেড়ে শহরে আগমনে বাধ্য করে। এ সকল দরিদ্র পরিবারগুলি শহরের বস্তিতে জীর্ণ অস্বাস্থ্যকর পরিবেশে দুর্বিসহ জীবন যাপন করে। রাস্তা-ঘাট, নর্দমার পানি, দারিদ্র্য, পুষ্টি হীনতা, নিরক্ষরতা, রোগশোক ইত্যাদি এদের নিত্যসঙ্গী। এ জনগোষ্ঠী সাধারণতঃ নগর জীবনের মৌলিক সেবা সুবিধা প্রাপ্তির আওতার বাইরে।

ব্যয় সাশ্রয়ী প্রযুক্তিতে বহুতল আবাসন

বহুতল ভবন বাস্তবায়নের মাধ্যমে কৃষিজমি মানব বসতিতে ব্যবহার রোধ করে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, দারিদ্র্য দুরীকরন এবং দুর্যোগ সহনীয় আবাসন বাস্তবায়নের মাধ্যমে গ্রামীণ জনগণের আর্থসামাজিক অবস্থা উন্নয়নে কার্যকরী ভূমিকা গ্রহণ করা যেতে পারে। গ্রামাঞ্চলে বহুতল ভবন নির্মাণ করে নিম্নলিখিত সুবিধাবলী অর্জন করা সম্ভব হবে। এ প্রেক্ষিতে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটে প্রাথমিক পর্যায়ে ব্যয় সাশ্রয়ী ফেরোসিমেন্ট প্রযুক্তিতে বহুতল ভবনের নকশা প্রণয়ন করা হয়েছে যা গ্রামীণ জনগোষ্ঠীর জীবনযাপন ও কার্যকলাপের ধরনের উপর ভিত্তি করে করা হয়েছে।

- খাদ্য নিরাপত্তাসহ কৃষি জমির প্রাপ্যতা নিশ্চিতকরণ
- দারিদ্র্য দূরীকরণ
- কর্মসংস্থান বৃদ্ধি
- পরিবারিক বন্ধন সুদৃঢ়করণ
- পারিবারের মধ্যে সম্প্রীতি
- দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা অর্জন
- নারীদের নিরাপত্তা ও ক্ষমতায়নসহ নারীবান্ধব পরিবেশ নিশ্চিতকরণ
- সৌরবিদ্যুৎ এর ব্যবহার
- বনজ সম্পদ সংরক্ষণ
- প্রচলিত ইটের ব্যবহার হ্রাস ও ক্রমান্বয়ে শূন্যকরণ
- পরিবেশ বান্ধব ও পরিকল্পিত বসতি স্থাপন এবং
- নগরমুখী অভিগমন হ্রাস



TYPICAL FLOOR PLAN (Showing probable interior room arrangement)

AREA PER UNIT = 600 SFT.
TOTAL COMMON SPACE INCLUDING STAIR = 158.33 SFT.
TOTAL FLOOR AREA = 1358 SFT.

TWO UNITS OPTION

ফেরোসিমেন্ট প্রযুক্তিতে প্রাথমিক পর্যায়ে প্রণীত নকশার ত্রিমাত্রিক প্রতিকৃতি

প্রচলিত পোড়া মাটির ইটের তৈরি বহুতল ভবনের তুলনায় এইচবিআরআই উদ্ভাবিত ফেরোসিমেন্ট প্রযুক্তিতে বহুতল বাড়ির গুণগত মান ও স্থায়িত্ব অধিক এবং ব্যয় সাশ্রয়ী। তুলনামূলক বিশ্লেষণে দেখা যায় - ফেরোসিমেন্ট প্রযুক্তি ব্যবহার করে নির্মিত বাড়ির প্রতি বর্গফুটে খরচ ৮২৫/- টাকা। অন্যদিকে প্রচলিত পদ্ধতিতে মাটির ইট ব্যবহার করে নির্মিত বাড়ির খরচ পড়ে ১২৫০/- টাকা যা ফেরোসিমেন্টের বাড়ি থেকে ৩৫% বেশি।

সুপারিশ

- এ বছরের বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্যের আলোকে বাংলাদেশে বস্তি উন্নয়নের লক্ষ্যে পৃথিবীর অন্যান্য দেশের Good practices ও মডেল গুলোকে বিশেষ করে চীন, ভারত ও মালয়েশিয়ার অভিজ্ঞতাকে বাংলাদেশের উপযোগী করে কাজে লাগানো যেতে পারে
- নগরের দরিদ্র জনগোষ্ঠীর জন্য সুপেয় পানি সরবরাহ, পয়ঃপ্রণালী ও নিরাপদ জ্বালানি ব্যবস্থা, নগর পরিবহন ব্যবস্থা, বিদ্যুৎ ব্যবস্থাসহ অধিকতর টেকসই ও যুগোপযোগী সেবা প্রদানে আরও যত্নবান হওয়া
- মহানগরীসমূহের জন্য প্রণীত মহাপরিকল্পনায় বস্তিবাসীদের উন্নত জীবন যাত্রার বিষয়টি বিবেচনায় রাখা
- পরিকল্পিত আবাসন ও বস্তি জীবন উন্নয়নের মাধ্যমে পরিবেশ বান্ধব গতিশীল নগরায়ন নিশ্চিত করা
- এলাকা ভিত্তিক শিক্ষা ও স্বাস্থ্য সেবার সুষম সুযোগ নিশ্চিতকরণ
- উপজেলাসমূহে গার্মেন্টসসহ শিল্প কারখানা বিকেন্দ্রীকরণ
- প্রাকৃতিক দুর্যোগ সহনীয় ও দুর্যোগের সাথে খাপ খাইয়ে নেয়ার সক্ষমতাযুক্ত আবাসন ও গৃহায়ন নিশ্চিত করার লক্ষ্যে ঝুঁকি হ্রাস কর্মসূচি গ্রহণ করা
- দারিদ্র্য দূরীকরণের মাধ্যমে বস্তি জীবনমান উন্নয়নের মহাপরিকল্পনা গ্রহণ করা
- শিল্প কলকারখানা বিকেন্দ্রীকরণ বিষয়ে সরকারি বেসরকারি, মাল্টিন্যাশনাল কোম্পানি, ব্যক্তি মালিকানাধীন উদ্যোগকে উৎসাহিত করা
- দরিদ্র দূরীকরণের পাশাপাশি বস্তিজীবন ও নারী প্রধান পরিবার উন্নয়নকে উন্নয়নের মূল ধারায় কার্যকর ভাবে সম্পৃক্তকরণ

উপসংহার

রূপকল্প ২০২১ বাস্তবায়ন ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য বাসযোগ্য উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে বস্তিমুক্ত, দারিদ্র্যমুক্ত নগরী তথা দেশ গঠনের কোন বিকল্প নেই। দারিদ্র্যকে আঘাত এবং বস্তিবাসী ও অবৈধ বসবাসকারীগণের সংবিধান স্বীকৃত মৌলিক অধিকার সমুন্নত রেখে বস্তি ও অবৈধ বসতি অপসারনসহ ক্ষুধামুক্ত, দারিদ্র্যমুক্ত নগরী তথা বাংলাদেশ গঠনের দৃঢ় প্রত্যয় এবং সকলের জন্য পরিবেশ বান্ধব আবাসন- এই হোক আমাদের দৃঢ় অঙ্গিকার।

তথ্য নির্দেশিকা

১. মোহাম্মদ আবু সাদেক, পিইঞ্জ, মোঃ আব্দুস সালাম, মোঃ আকতার হোসেন সরকার, প্রাকৃতিক দুর্যোগ, আবাসন ও সক্রিয় নগর, স্মরণিকা বিশ্ব বসতি দিবস ২০১৩

২. Mohammed Abu Sadque, PEng, National Hazards and Urban Concerns.

৩. Mohammed Abu Sadque, PEng, Ten Tips on Building a Disaster Resilient City.

৪. মোঃ আকতার হোসন সরকার, বাংলাদেশে নগর-গ্রাম সংযোগ উন্নয়ন কৌশলঃ প্রেক্ষিত বিশ্ব বসতি দিবস ২০০৪, বিশ্ব বসতি দিবস ২০০৪, স্মরণিকা

৫. জাতীয় গৃহায়ন নীতি, ১৯৯৯

বস্তিবাসীর অধিকার ও পরিবেশ বান্ধব বাসস্থান

নুরুল ইসলাম নাজেম
নগর গবেষণা কেন্দ্র (CUS) ও বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (BIP)

১. ভূমিকা

নগরে বস্তি, একটি বৈশ্বিক সমস্যা। বিশেষ করে উন্নয়নশীল দেশসমূহে এই সমস্যা প্রকট। এই শতাব্দির শুরুর দিকে (২০০১) জাতিসংঘের সাধারণ পরিষদের **ইস্তাম্বুল +৫** বিষয়ক এক অধিবেশনে গৃহিত "নগর ও অন্যান্য মানব বসতি" ঘোষণায় সকল দেশের নগরসমূহে বস্তি ও বাস্তুহারা এলাকার উন্নয়নের কার্যক্রম গ্রহণ করার অঙ্গিকার করা হয়। সকল দেশের শীর্ষ প্রতিনিধিগণ একমত হয়েছিলেন এই বলে যে, ২০২০ সালের মধ্যে বিশ্বের ১০০ মিলিয়ন (১০ কোটি) বস্তিবাসীর জীবনমানে গুণগত পরিবর্তন আনতে হবে। মূলত তখন থেকেই বিভিন্ন দেশের নগর পরিকল্পনায় বস্তির উন্নয়নের মাধ্যমে নগরগুলোকে বস্তিমুক্ত করার প্রয়াস শুরু হয়। এসব প্রয়াসের মধ্যে অন্যতম ছিল নিশ্চিত আবাসন সত্ত্বের আন্দোলন (Secure Tenure), নগর সুপরিচালন (Good Urban Governance) এবং সবার জন্য নগর (Inclusive City)। বেশ কিছু দেশ এ ব্যাপারে সাফল্য দেখালেও বাংলাদেশসহ এশিয়া ও আফ্রিকার কয়েকটি দেশ এই কাজে তেমন উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করতে পারেনি।

বাংলাদেশের নগরসমূহে বস্তি, দেশের সার্বিক দরিদ্র অবস্থারই বহিঃপ্রকাশ। এখানে মোট নগর জনসংখ্যার (৪০ মিলিয়ন) এক তৃতিয়াংশই বস্তিতে বসবাস করে। আবাসন, আয়, শিক্ষা, স্বাস্থ্যসহ নানা মৌলিক সেবা সুযোগ প্রাপ্তির ক্ষেত্রে বস্তিবাসীরা অনেক পিছিয়ে আছে যদিও জাতীয় আয়ে এবং অনেক গুরুত্বপূর্ণ আর্থনীতিক খাতে তাদের অবদান উল্লেখযোগ্য। একদিকে তাদের এই অবদানের যথাযথ স্বীকৃতি যেমন দেওয়া হচ্ছে না অন্য দিকে তাদের চাহিদা ও অভাব অভিযোগের মূল্যায়ন হতেও তেমন একটা দেখা যায় না। এমন একটি প্রেক্ষাপটে এবারের বিশ্ব বসতি দিবসের মূল প্রতিপাদ্য বস্তিবাসীর অধিকার ও পরিবেশ বান্ধব বাসস্থান (Voices from Slums) যথেষ্ট তাৎপর্যপূর্ণ। বস্তিবাসীর অধিকার ও দৃষ্টিভঙ্গির মূল্যায়নের মাধ্যমে সমস্যা সমাধানের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় ও আনুষাঙ্গিক বিষয়সমূহ বর্তমান প্রবন্ধে আলোচিত হয়েছে।

২. বস্তিকরণ প্রক্রিয়া

প্রথমেই 'বস্তি' মানে কি তার বিশ্লেষণ প্রয়োজন। যাকে বাংলায় আমরা বস্তি বলি ইংরেজিতে বললে বোঝায় Slum এবং Squatters উভয়কেই। বস্তি বলতে অত্যন্ত ঘনবসতির ঘিঞ্জি এলাকা বোঝায়, যেখানে বাস্তু পরিকল্পনার কোন ছাপ নেই, চলাচলের কোন প্রশস্ত রাস্তা নেই, থাকলেও আঁকা বাঁকা ও ভাঙ্গাচোরা, রাস্তার পাশে কোন ড্রেন নেই, থাকলেও কখনো পরিষ্কার করা হয় না, যেখানে ঘর বাড়ি এলোমেলো, দুর্বল কাঠামোর, পুরোন আর নড়বড়ে, সস্তা অথবা ফেলে দেয়া নির্মাণসামগ্রি দিয়ে তৈরি। বস্তিতে বাতাস ঢোকা বা চলাচলের তেমন ব্যবস্থা নেই, নেই পর্যাপ্ত পানি ও সেনিটেশন ব্যবস্থা, বিদ্যুত এবং আলো অপর্যাপ্ত, বিদ্যুতের সংযোগ প্রায়শই অবৈধ, জ্বালানী সুবিধা নেই, আবার থাকলেও অপর্যাপ্ত, যেখানে শিশু কিশোররদের জন্য নেই খেলার মাঠ বা খোলা জায়গা, নেই স্কুল ও পড়ালেখার সুবিধা। বস্তি মানেই দরিদ্রের মহল্লা।

অনেকে মনে করেন, বস্তি হচ্ছে অপরাধ প্রবন এলাকা, যেখানে মানুষকে সহজেই নানা অনৈতিক ও অবৈধ কাজে ব্যবহার করা যায়। এ ধরনের অপবাদের সত্যতা আংশিক। সমাজের অপরাপর এলাকায়ও বস্তির মত সন্ত্রাস থাকতে পারে। তবে বিভিন্ন গবেষণায় (CUS ও BIDS) দেখা যায় যে এধরনের অপরাধ প্রবনতার সাথে বস্তিতে বসবাসকারী অধিকাংশই সম্পৃক্ত নয়। অধিকাংশ বস্তিবাসী কর্মনিষ্ঠ ও সৎ। তাদের কর্মক্ষেত্র

শিল্পকারখানা, পরিবহণ খাত, নির্মাণ, বাসাবাড়ি ও ক্ষুদ্র ব্যবসার নানা রকম অপ্রতিষ্ঠানিক খাতে। বস্তিবাসীরা প্রায়শঃই নিগৃহিত এবং তাদের কণ্ঠস্বর শোনার কেউ নেই।

নগর গবেষণা কেন্দ্রের ২০০৫ সালের গবেষণায় নিম্নলিখিত ৫টি বৈশিষ্ট্যের ভিত্তিতে বস্তি চিহ্নিত করা হয়। প্রথমত: দুর্বল ও ভঙ্গুর আবাসন অবস্থা, (২) অত্যাধিক জনসংখ্যার ঘনত্ব, (৩) অতি নিম্নমানের সেবা, বিশেষ করে পানি ও সেনিটেশন ব্যবস্থা, (৪) নিম্নস্তরের আর্থ সামাজিক মর্যাদা এবং (৫) টেনিউর বা ভূমিসত্ত্ব বিষয়ক নিরাপত্তার অভাব। এই পাঁচটির যে কোন ৪টি অবস্থা বিরাজমান থাকলে ঐ এলাকাকে বস্তি হিসাবে গণ্য করা হয়েছে। এভাবে সারা দেশের ৬টি বড় শহরে গনণা করে মোট ৯০৪৮টি বস্তি বা (Slum) পাওয়া গিয়েছে। এই Slum গুলো ১০টি বা ততোধিক খানার গুচ্ছ। সবচেয়ে বড় গুচ্ছটি পাওয়া যায় ঢাকায়, মহাখালীর করাইল বস্তি, যেখানে ২০ হাজার পরিবার বা ১ লক্ষ লোকের বসবাস।

Slum ও Squatters এলাকার মধ্যে পার্থক্য শুধু বৈধতার। Slum সাধারণত ব্যক্তি মালিকানাধীন বৈধ জায়গায় তৈরি আবাসন। তবে নির্মিত আবাসনসমূহ আইন সম্মত হয়েছে কিনা তা দেখার দায়িত্ব নগর কর্তৃপক্ষের। অপর দিকে Squatter Settlements গুলো অবৈধ ভাবে গড়ে ওঠা বস্তি। সাধারণত: সরকারি, আধাসরকারি ও স্বায়ত্ব শাসিত সংস্থার অবব্যহৃত জায়গায় Squatter Settlements গুলো গড়ে ওঠে। এগুলো গড়ে ওঠার পেছনে ঐ সব সংস্থার কিছু অসাধু ব্যক্তির যোগসাজস থাকে।

বস্তি গড়ে ওঠার কারণ মূলত: দারিদ্র। নগর দারিদ্র আবার প্রধানত: গ্রামীণ দারিদ্রেরই বহিঃপ্রকাশ। বাংলাদেশের নগর দরিদ্ররা হচ্ছে সম্প্রতি গ্রাম শহর অভিবাসনের মাধ্যমে আসা গ্রামের দরিদ্র মানুষ। ভূমিহীনতা, বেকারত্ব ও কর্মসংস্থানের অভাব, প্রাকৃতিক দুর্যোগ ও নানা রকম নিরাপত্তাহীনতা গ্রামীন মানুষকে নগর ও শহরের দিকে ঠেলে দেয়। অপর দিকে নগরে শিল্পকারখানা, নির্মাণ, পরিবহণ ও অপ্রতিষ্ঠানিক বিভিন্ন কাজের সুযোগ সুবিধা গ্রামের দরিদ্র মানুষকে আকর্ষণ করে। এভাবেই গ্রামের দরিদ্র মানুষ শহরে আসে ও নগর দারিদ্র বাড়ায় এবং একারণেই নগর জীবনে বস্তির উদ্ভব ঘটে। বস্তি নগর জীবনে এক অশুভ বাস্তবতা। শিল্প বিপ্লবের পর থেকে ইউরোপ আমেরিকার শহরেও ব্যপক বস্তি গড়ে উঠেছিল। অর্থনীতিক উন্নয়নের সাথে সাথে ক্রমান্বয়ে যেখানে বস্তি নিরসন সম্ভব হয়েছে। কোন কোন উন্নয়নশীল দেশেও বস্তির অস্তিত্ব লোপ পেয়েছে। যেমন চীন ও মালয়েশিয়া। সিঙ্গাপুরেও বস্তি ছিল ৩০ বছর আগে। কর্তৃপক্ষের জনকল্যাণমুখী প্রচেষ্টায় সিঙ্গাপুর বস্তিসমূহকে পুননির্মাণ করেছে।

বাংলাদেশের অন্যতম প্র্যধান দুটি সমস্যা দারিদ্র ও জনসংখ্যার চাপ। এদুটি সমস্যাই বস্তি তৈরিতে সহায়ক ভূমিকা পালন করছে। এর সাথে যুক্ত হচ্ছে অপরিকল্পিত নগর সম্প্রসারণ এবং অতি নিম্নমানের নগর পরিচালন। ১৯৭৫ সালে ঢাকার মোট জনসংখ্যার ৫২ ভাগ ছিল বস্তিবাসী। তখন দেশের দারিদ্র মাত্রা ছিল ৮২ শতাংশ। ঐ সময় নগর দারিদ্রও ছিল প্রায় একই রকম (Islam 1996) পর্যায়ক্রমে এই দারিদ্র হার কমে আসে। বর্তমানে সামগ্রিকভাবে দেশের দারিদ্র্য মাত্রা ৩০ শতাংশে কমে এসেছে। কিন্তু নগর দারিদ্র শতকরা ৩০ ভাগের উপরে। এতে অনুমান করা যায় যে বর্তমানে গ্রামের চেয়ে শহরে দারিদ্র মাত্রা বেশি এবং এটা হয়েছে গ্রাম থেকে দরিদ্র মানুষের নগর অভিমুখে অভিবাসনের ফলে।

বাংলাদেশের নগরসমূহ দারিদ্রের যাঁতাকলে থাকলেও দেশের অর্থনীতিতে নগরায়নের ভূমিকা অত্যন্ত সহায়ক। বর্তমানে যেখানে দেশের মাত্র ২৮ শতাংশ লোক নগরে বসবাস করে সেখানে নগর সমূহ সম্মিলিতভাবে মোট দেশজ উৎপাদনে ৬০ ভাগ অবদান রাখছে। দ্রুত শিল্পায়ন ও সেবা খাতের বৃদ্ধির ফলে এরকম হয়ে থাকতে পারে। এখানে নগর খাতে দরিদ্র জনগোষ্ঠির অবদানের বিষয়টি এসে যায়। একমাত্র তৈরি পোষাক খাতে প্রায়

৩০ লক্ষ শ্রমিক নিয়োজিত, যারা নগরবাসী এবং নগর দরিদ্র, আর তাদের অধিকাংশই থাকে বস্তিতে। একই ভাবে রিকসা চালক, নির্মান শ্রমিক গৃহশ্রমিক এবং হকারদের কথাও উল্লেখ করা যায়।

বস্তি সমস্যাটি মূলত: একটি আবাসন সমস্যা। বস্তিবাসীদের যে আয় তাতে বস্তির চাইতে ভাল মানের কোন আবাসনে যাওয়া তাদের পক্ষে সম্ভব নয়। নগরে বাড়ি ভাড়া বৃদ্ধি ও দ্রব্য মূল্যের উর্ধগতির কারণে বস্তিবাসীদের যে আয় তা চলে যায় খাদ্য ও পরে বাসস্থানের জন্য। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সহায়তা, সুদৃষ্টি ও দরিদ্র সহায়ক নীতিমালা থাকলে আবাসনের বর্তমান অবস্থা থেকে বেরিয়ে আসা সম্ভব।

৩. বস্তিবাসীর অধিকার ও কণ্ঠ

বাংলাদেশের সংবিধান অনুযায়ী দেশের যে কোন নাগরিক শহরে এসে স্থায়ী বা অস্থায়ী ভাবে বসবাস করতে পারে। শহরে এসে আশ্রয় নেয়া তার অধিকারের মধ্যেই পড়ে। যে কোন বস্তিবাসী অন্য যে কোন সাধারণ নাগরিকের মতই সুযোগ সুবিধাগুলো ভোগ করতে পারে। তবে প্রশ্নটি হচেছ সামর্থের এবং সুযোগের। বস্তিবাসীদের আর্থনীতিক সামর্থ সীমিত থাকতে পারে কিন্তু সুযোগ থাকলে তারা সামর্থ তৈরী করে নিতে পারে। যেমন যেসব স্কুল ও কলেজ আছে তাতে বস্তিবাসীর ছেলে মেয়েদের পড়ার বা প্রবেশের সুযোগ নাই। এর মূল কারণ সামর্থের সীমাবদ্ধতা। যদি বস্তির নিকটে বিনা খরচে অথবা সীমিত খরচে প্রয়োজনীয় শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা যায় তাহলে পরবর্তী প্রজন্মের আর বস্তিতে থাকার প্রয়োজন হবে না। একই ভাবে চিকিৎসা সুবিধার প্রসঙ্গটিও আসে। দুটি ক্ষেত্রেই বস্তিবাসীর অধিকার রক্ষিত হচ্ছে বলে মনে হয় না। কারণ, বস্তিবাসীর সব ছেলে মেয়েরা স্কুলে গেলে যতগুলো স্কুলের প্রয়োজন তা কোথাও নেই। অপর দিকে তার প্রায় হাসপাতালে বিনা মূল্যে চিকিৎসা নিতে পারলেও সুচিকিৎসা পায় না বলেই তাদের অভিযোগ। নগর গবেষণা কেন্দ্রের সাম্প্রতিক এক গবেষণা থেকে দেখা যায় যে ৫টি বস্তির মোট ৫৬০৯ জন স্কুলে যাবার বয়সী (৬-৭) শিশুর মধ্যে মাত্র ১৬০৩ (৪২%) জন শিশু স্কুলে যায়। ১৩-১৯ বছর বয়সীদের মধ্যে এই হার মাত্র ২৫ শতাংশ। স্বাস্থ্য সেবার ক্ষেত্রেও একই চিত্র দেখা যায় (CUS, 2014)। বস্তির শিশুদের যে ধরনের নিরাপদ আশ্রয় প্রয়োজন তা নেই। ফলে শিশুরা নানা রকম অসুখে ভোগে, যার অধিকাংশই পরিবেশ সংক্রান্ত। সুপেয় পানি, ভাল সেনিটেশন ব্যবস্থা না থাকায় শিশুরা এমনকি বড়রাও মারাত্মক অসুখ-বিসুখে বিপদগ্রস্থ হয়ে পড়ে।

বস্তিবাসীর কথা

আমরা যারা সাধারণ মানুষ এবং যারা বিভিন্ন পর্যায়ে নগর পরিচালনের দায়িত্বে রয়েছেন তাদের কাছে বস্তিবাসীর কথা বা কণ্ঠ পৌছায় না। নগরের বস্তিসমূহকে সাধারণত: নেতিবাচক দৃষ্টিতে দেখা হয়। মনে করা হয় এই বস্তিবাসীর জন্যই নগরের এই দুরাবস্থা। আসলে এরাই আমাদের নগরকে সচল রাখে। কলকারখানায় উৎপাদন করে, বাস, টেক্সি, রিক্সা চালায়, শহর পরিষ্কার রাখে, বড় বড় দালান-কোঠা তৈরী করে, এমনকি তাদের ছাড়া আমাদের বাসাবাড়ি অচল হয়ে পড়ে। তারপরও তাদের কণ্ঠ আমরা শুনতে পাই না, এমনকি প্রয়োজন বোঝাতে চেষ্টা করিনা।

তবে বিভিন্ন গবেষণা ও সমীক্ষার মাধ্যমে বস্তিবাসীর কণ্ঠ সোচ্চারিত হয়েছে এবং হচ্ছে। বস্তির জীবন ও তাদের সুযোগ সুবিধা এবং অভাব অভিযোগ সম্পর্কে জানতে হলে এসব গবেষণা প্রতিবেদন কিছুটা সাহায্য করতে পারে। নগর গবেষণা কেন্দ্র ১৯৭৪ সন থেকে বস্তি নিয়ে গবেষণা করে আসছে। উল্লেখযোগ্য গবেষণাসমূহ পরিচালিত হয়েছে ১৯৮০, ১৯৯১, ১৯৯৬, ২০০৫ এবং ২০১১-২০১২ সালে। প্রতিটি গবেষণা প্রতিবেদনে বস্তিবাসীর কাজ ও জীবন সুন্দরভাবে ফুটে উঠেছে। CUS এর পাশাপাশি বিআইডিএস, বিশ্ববিদ্যালয়সমূহ ও বেসরকারি প্রতিষ্ঠান (NGO) বিভিন্ন সময়ে বস্তি নিয়ে সমীক্ষা পরিচালনা করেছে। তাদের কথা ও জীবন এসব সমীক্ষায়ও উঠে এসেছে।

বিভিন্ন সমীক্ষা থেকে প্রাপ্ত বস্তিবাসীদের কণ্ঠ

নগর গবেষণা কেন্দ্রের ২০০৫ সালের সমীক্ষাটি (Slums of Urban Bangladesh: Mapping and Census 2005) বিশেষভাবে উল্লেখযোগ্য। এই সমীক্ষায় ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট ও বরিশাল এই ছয়টি শহরের মোট বস্তির ৭৫ ভাগ ঢাকা ও চট্টগ্রামে। ৬৫ ভাগ বস্তিই এক একরের তিন ভাগের এক ভাগ জায়গায়। প্রায় ৯০ শতাংশ বস্তি ব্যক্তি মালিকানাধীন জায়গায় (অর্থাৎ মাত্র ১০ শতাংশ Squatters)। অপরদিকে ৬টি শহরের ৩৫ শতাংশ লোক বাস করে বস্তিতে এবং তাদের অবস্থান ঐ শহরগুলোর মাত্র ৪ শতাংশ জমির ওপর। মোট বস্তি জনসংখ্যা ৫৪ লক্ষ। এদের মধ্যে ১৯% এসেছে বরিশাল থেকে, ১১% কুমিল্লা থেকে এবং বাকীরা অপরাপর জেলা থেকে।

বস্তির পরিবেশ নিয়েও নানা সমীক্ষা আছে। CUS এর ২০০৫ সালের সমীক্ষায় আরো দেখা যায়, ১০ শতাংশ বস্তিবাসী মারাত্মক জলবদ্ধতার মধ্যে বসবাস করে, ৯৬% বস্তিবাসী বিদ্যুৎ সুবিধা ভোগ করে, ৭০% বস্তিবাসী সেনিটারি টয়লেট ব্যবহার করে, প্রায় সবাই সুপেয় পানি পান করে। কিন্তু যেহেতু এসব সুবিধা যৌথভাবে ব্যবহার করে, ফলে সুবিধাসমূহ শেষ পর্যন্ত আর স্বাস্থ্য সম্মত থাকে না। প্রায় ৪২ ভাগ বাড়ীঘর আধাপাকা এবং এই সংখ্যা দিন দিন বাড়ছে।

বড়বড় বস্তিসমূহ ভেঙ্গে ছোট আকারের বস্তি তৈরি হচ্ছে। বস্তি উচ্ছেদের ফলে গ্রামে ফিরে গিয়েছে এমন প্রমাণ পাওপা যায়নি। বরং উচ্ছেদের ফলে বস্তিবাসীরা শহরের বাইরের দিকে নতুন বসতির সন্ধ্যান করছে। বস্তি নির্মানের উপর কর্তৃপক্ষের কোন নিয়ন্ত্রণ নাই। অধিকাংশ বস্তিই ব্যক্তি মালিকানায় তৈরি হচ্ছে, কর্তৃপক্ষের নিয়ন্ত্রণ থাকলে নীতিমালা অনুযায়ী ঘর তৈরি হতো এবং সেগুলোকে বস্তি হিসাবে চিহ্নিত করার কোন অবকাশ থাকতো না।

বস্তিবাসীরা এখন বিভিন্ন সংগঠনের সাথে অথবা নিজেরাই সংগঠন তৈরি করে মোটামুটি ভাবে সংগঠিত। বস্তিবাসীদের উচ্ছেদ, ইত্যাদির ক্ষেত্রে প্রবল বিরোধিতা ও আইনি সহায়তা দেয়ার ক্ষেত্রে বিভিন্ন সংস্থা ও NGO এগিয়ে আসছে। তারা বস্তিবাসীর কণ্ঠস্বর তুলে ধরছে। বিশেষ করে এক্ষেত্রে CUS, BELA, CUP, BRAC ও BAPA এর নাম উল্লেখযোগ্য। CUS এর সহায়তায় ঢাকার বস্তিবাসীরা তাদের অধিকার রক্ষা করার প্রতিজ্ঞা করেছে নগর দরিদ্র বস্তিবাসী অধাকার সংস্থা (NDBUS) গঠনের মাধ্যমে যার বর্তমান সদস্য সংখ্যা প্রায় ১৫ লক্ষ।

বস্তিবাসীরা সরকারের কাছ থেকে কোন সাহায্য চায়না, চায় সহায়তা। বস্তিবাসীরা ঋণ নেয় এবং সময়মত পরিশোধ করে। শক্তি ফাউন্ডেশনের তথ্য থেকে জানা যায় যে বস্তিবাসীরা ঋন নিয়ে আয় করে অনেকেই স্বচ্ছল ও আত্মনির্ভরশীল হয়েছে। সরকারের সহায়তা পেলে তারা নিজেরাই নিজেদের আবাসন তৈরি করতে পারবে। উদাহরণ স্বরূপ NGO ARBAN এর সহায়তায় বস্তিবাসী ৪০ পরিবার মিরপুরে নিজেদের ফ্ল্যাট তৈরী করেছে।

৪. বস্তি সমস্যার সমাধান ও উন্নয়ন

আগেই বলা হয়েছে বস্তি সমস্যার সমাধান নিহিত রয়েছে দারিদ্র বিমোচনের মধ্যে। দারিদ্র্য এমন একটি অবস্থা যাকে বিভিন্ন উপায়ে প্রকাশ করা যায়, যার মধ্যে অপর্যাপ্ত পারিবারিক আয়, সীমিত সম্পদ, পানি সরবরাহ, পয়ঃ নিষ্কাশন, নর্দমা, স্বাস্থ্য সেবা, শিক্ষা, জরুরি সেবা প্রভৃতির মত সরকারি সেবা ও অবকাঠামোসমূহে সীমিত প্রবেশাধিকার, অপর্যাপ্ত আইনগত সুরক্ষা, ক্ষমতাহীনতা, প্রতিবাদহীনতা, শোষণ ও বঞ্চনা অন্তর্ভূক্ত।

দারিদ্র্য নিরসন এমন একটি ব্যবস্থা যেখানে অবস্থার স্বল্প ও দীর্ঘ মেয়াদী পরিবর্তনের কারনে দারিদ্রের সুনির্দিষ্ট সূচকসমূহের পর্যায়ক্রমিক অবনমন ঘটে। দরিদ্রতা নিরসনে '*দারিদ্র্য নিরসন কৌশল পত্র-২০০৫*' এ প্রস্তাবিত কৌশল অনুযায়ী সরকারের সকল পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক। বস্তি উন্নয়ন, বস্তি পুনর্বাসন এবং অনানুষ্ঠানিক/ঘিঞ্জি এলাকার উন্নয়নের জন্য জরুরি ভিত্তিতে সরকারের প্রকল্প গ্রহণ করতে হবে। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্যই উপরোক্ত লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

সমস্যা সমাধানের লক্ষে খসড়া নগরায়ণ নীতিমালায় ও খসড়া আবাসন নীতিমালায় নিম্নলিখিত পদক্ষেপসমূহ উল্লেখ করা হয়েছে

ক) বস্তি পরিস্থিতির উন্নয়ন

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার আলোকে ২০২০ সালের মধ্যে বাংলাদেশের নগরীর বস্তিতে বসবাসকারী কমপক্ষে এক কোটি মানুষের জীবনযাত্রার মান উল্লেখযোগ্য উন্নয়নের মাধ্যমে টেকসই পরিবেশ নিশ্চিত করতে প্রথমত: বস্তিবাসীদের প্রতি দৃষ্টিভঙ্গি ও আচরন পরিবর্তন করতে হবে। এটা স্বীকার করতে হবে যে, বস্তি শহরেরই একটি অবিচ্ছেদ্য অংশ এবং শহরের অর্থনীতিতে বিশেষত: অপ্রাতিষ্ঠানিক উৎপাদন এবং শ্রমবাজার উভয় খাতেই বস্তিবাসীর অবদান উল্লেখযোগ্য। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্র অর্জনে বস্তি উন্নয়নের মাধ্যমে বস্তিবাসীর জীবন যাত্রার মান উন্নয়ন ও ইতিবাচক আচরনের ভিত্তিতে পদক্ষেপ নির্ধারণ করতে হবে। সকল বস্তির তালিকা প্রণয়ন করতে হবে এবং উক্ত মূলগত অবস্থার উত্তরণ ও উন্নয়নের মাধ্যমে তাদের 'রক্ষাযোগ্য (টেনাবল)' ও রক্ষা অযোগ্য (আনটেনাবল) হিসাবে নির্ধারণ করা প্রয়োজন।

খ) বস্তিবাসীদের পুনর্বাসন

বস্তি ও অন্যান্য ঝুপড়ি (স্কোয়াটার) বাসীদের উচ্ছেদ যতটা সম্ভব পরিহার করতে হবে। যে সকল বস্তি ও অন্যান্য বসতি 'রক্ষা অযোগ্য' হিসাবে তালিকাভূক্ত সেগুলো যথাযথ স্থানান্তর ও পুনর্বাসন প্রক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত ন্যূনতম মৌলিক সেবা প্রদানের ব্যবস্থা করতে হবে। যখন কোন বস্তি বা এধরনের বসতির স্থানান্তর ও পুনর্বাসন আবশ্যিক হবে তখন স্থানীয় কর্তৃপক্ষ স্থানান্তর ও পুনর্বাসনের বিস্তারিত নির্দেশিকা প্রস্তুত করবে যার ফলে ক্ষতিগ্রস্ত মানুষের ক্ষয়ক্ষতির মাত্রা কমানো এবং ভর্তুকি প্রদান সম্ভব হবে।

(গ) ভোগ দখলের অধিকার নিশ্চিত করা

ভূমির উপর ভোগ দখলের অধিকার নিশ্চিত করতে দরিদ্রদের জন্য সরকারি বা পৌরসভা/ মিউনিসিপ্যালিটির ভূমি 'দখলিস্বত্ব' নির্ধারণপূর্বক বরাদ্দের জন্য পদক্ষেপ নিতে হবে। প্রয়োজনীয় আবেদন, পরিমাপ ও নির্ধারণ এবং অনুমোদন পদ্ধতি যতটা সম্ভব সহজ ও স্বচ্ছ করতে হবে।

(ঘ) নগরের দরিদ্রদের জন্য বিশেষ অঞ্চল

স্থানীয় কর্তৃপক্ষ ক্ষুদ্র উদ্যোক্তা, কৃষি বাজার, হকারদের জন্য আলাদা আলাদা নির্দিষ্ট অঞ্চল নির্ধারণ করতে পারে। স্বল্প আয়ের মানুষের জন্য বিশেষায়িত এলাকা তৈরি করা যেতে পারে এবং রক্ষাযোগ্য অনানুষ্ঠানিক বসতিসমূহকে আনুষ্ঠানিক বসতিতে নিয়মিতকরণ করা যায়।

(ঙ) অবকাঠামোগত সেবায় প্রবেশাধিকার

আবশ্যিক ও গুরুত্বপূর্ণ সেবাসমূহ যেমন, নিরাপদ ও পর্যাপ্ত পানীয় জল, পয়ঃনিষ্কাশন, বিদ্যুৎ, জ্বালানি, বর্জ্য নিষ্কাশন, নর্দমা ও সড়ক অবকাঠামোর ব্যবস্থাকরণ ও উক্ত সেবাসমূহে অভিগম্যতার সুযোগ দেয়ার দিকে বিশেষ নজর দিতে হবে। অবকাঠামো সেবা প্রকল্পের নকশা প্রণয়ন, বাস্তবায়ন ও সেবা প্রদানের ক্ষেত্রে নারী ও শিশুদের বিশেষ চাহিদা গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে।

(চ) সহায়ক অনানুষ্ঠানিক খাতের কার্যাবলী

স্থানীয় কর্তৃপক্ষের আইনগত এমন কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করা উচিত নয় যার ফলে অনানুষ্ঠানিক খাতের শ্রমজীবী মানুষ যেমন; হকার, দিনমজুর, কারিগর, পথশিশু, নারী প্রভৃতি যাদের আয়ে পরিবারের জীবিকা অনেকাংশেই নির্ভরশীল তাদের আয়ের সম্ভাবনা কমে যায়। স্থানীয় কর্তৃপক্ষ অনানুষ্ঠানিক খাতের কর্মকান্ডকে সহায়তাদানের জন্য পদক্ষেপ গ্রহণ করবে যার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- ঋণসুবিধায় অভিগম্যতার সুযোগ প্রদান
- বিপণন সংক্রান্ত তথ্য সরবরাহ ও পররামর্শ প্রদান
- কারিগরি দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা
- বাণিজ্য সম্পর্কজাল ও তথ্য বিনিময়ের সুযোগ প্রদান
- ক্ষুদ্র উদ্যোক্তা ও হকারদের জন্য বিশেষ অঞ্চলের ব্যবস্থা করা
- পরিবার ভিত্তিক আয়ের সুযোগ সৃষ্টি করা

নগরে বস্তি ও স্বত্বহীন বসতির উন্নয়ন নীতিমালা

নগরের বস্তি সমস্যা থেকে উত্তরণের লক্ষ্যে জাতীয় গৃহায়ণ নীতিমালায় (খসড়া) ৫টি পদক্ষেপের কথা উল্লেখ করা হয়েছে।

১. ব্যক্তি মালিকানাধীন জমিতে কোন ভাবেই বস্তি করা যাবে না। ব্যক্তি মালিকানাধীন বস্তির জমি সরকারের খাতে নিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় আইন প্রণয়ন করা হবে। নগর অঞ্চলে অনুমোদনহীন এবং ব্যক্তি মালিকানাধীন বস্তি গজিয়ে উঠা রোধ করার উদ্দেশ্যে প্রণীত আইন কঠোরভাবে প্রয়োগ করা হবে।

২. আবাসনের মাধ্যমে পুনর্বাসন করে পর্যায়ক্রমে সরকারি কাজের জন্য নির্ধারিত স্থানে স্থাপিত বস্তি উচ্ছেদ করা যেতে পারে। বস্তিবাসীদের বা কোন নিম্নবিত্ত বসতি স্থানান্তর করার সিদ্ধান্ত অপরিহার্য বিবেচিত হলে প্রয়োজনীয় আর্থসামাজিক তথ্যাবলীর সমন্বয়ে একটি উপযোগিতা সমীক্ষা গ্রহণ করে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের মতামতের জন্য দাখিল করা হবে। এ সমীক্ষা রিপোর্টে স্থানান্তরিত হবার পর নতুন এলাকাটির উন্নয়ন সম্ভাব্যতা বিশ্লেষিত থাকবে। প্রয়োজনীয় তথ্যাবলীতে বস্তিবাসীদের সামগ্রিক ও বিস্তারিত তালিকা কর্মস্থল, কর্মের প্রকৃতি, পরিবারের উপার্জনক্ষম ব্যক্তিবর্গের আয়ের বিবরণ ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে। প্রয়োজনে এক্ষেত্রে বিশেষজ্ঞ পর্যায়ে কমিটি গঠন করে প্রকল্পের সম্ভাব্যতা, সার্থকতা ইত্যাদি যাচাই করা হবে। সম্ভাব্য সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট বস্তিবাসী/প্রতিনিধি এবং এলাকা ভিত্তিক সংগঠন ও সেবা সংস্থাগুলোকে সম্পৃক্ত করা হবে।

   এ প্রক্রিয়া নগর অঞ্চলের মহাপরিকল্পনা এলাকার অনুমোদিত প্রকল্পের বাস্তবায়নের ক্ষেত্রে শিথিলযোগ্য বিবেচনা করা যেতে পারে।

৩. বিদ্যমান বস্তিগুলোতে বস্তিগুলোতে বস্তিবাসীদের মৌলিক সেবা যেমন- পানীয় জল, স্বাস্থ্যসম্মত নিষ্কাশন ব্যবস্থা, বর্জ্য নিষ্কাশন, পয়ঃ প্রণালী, নর্দমা, বিদ্যুৎ এবং অন্যান্য মৌলিক সেবাসমূহ নিশ্চিত করা হবে।

৪. সকল বিদ্যমান বস্তিসমূহ পর্যায়ক্রমে অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে ধারাবাহিক নির্মাণ প্রক্রিয়া বৃদ্ধি (Incremental Construction/Transformation) এবং পর্যায়ক্রম উন্নয়ন (Gradual Upgradation) প্রক্রিয়া গ্রহণ করা যেতে পারে।

৫. বস্তিবাসীদের পুনর্বাসনের ক্ষেত্রে তাদের ন্যুনতম মৌলিক চাহিদা পূরণের লক্ষ্যে Cross Subsidy ধরনের কৌশলগত পদ্ধতির সম্ভাব্যতা যাচাই ও প্রয়োগ করে আবাসনের ব্যবস্থা করা হবে।

এছাড়া সামাজিক গৃহায়ণের মাধ্যমে পরিবেশগত দুর্যোগ কবলিত এলাকায় গৃহ পুনঃনির্মাণ ও পুনর্বাসনের উল্লেখ রয়েছে জাতীয় গাৃহয়ণ নীতিমালায়। এগুলো হচ্ছে

১. সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, নির্মাণ সংস্থা, এনজিও, সমবায় সংস্থা ইত্যাদির সম্পৃক্ততার মাধ্যমে দুর্যোগ ও জরুরি অবস্থা মোকাবেলায় এবং দরিদ্র জনগোষ্ঠীর প্রয়োজনে পরিবেশ ও মূল্যসাশ্রয়ী, মজবুত ও উপয়োগী, লাগসই প্রযুক্তি নির্ভর নির্মাণ পদ্ধতি ও সামগ্রী উদ্ভাবন, তৈরি ও বাজারজাত করণের ব্যবস্থা নেয়া হবে।
২. এ সংক্রান্ত কারিগরী জ্ঞান আহরণ ও বিতরণ, প্রশিক্ষণ ও জনবল বৃদ্ধি, অর্থায়ন, গবেষণা ও উন্নয়ন সংস্থা স্থাপন, বস্তু ও অর্থভিত্তিক ঋণ ব্যবস্থা ইত্যাদি চালু ও উৎসাহিত করা হবে।
৩. ঘূর্ণিঝড়, বন্যা ও নদী ভাঙ্গনের মত প্রাকৃতিক দুর্যোগ এবং ভূমিকম্প, অগ্নিকাণ্ডে আংশিক বা সম্পূর্ণভাবে বিনষ্ট ঘরবাড়ি মেরামত অথবা পুনঃনির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। দুর্যোগ কবলিত এলাকার জন্য সহজ শর্তে বিশেষ গৃহ নির্মাণ ঋণদান ব্যবস্থা সম্বলিত পুনর্বাসন প্রকল্প গহণ করা হবে।
৪. দ্রুততম সময়ের মধ্যে দুর্যোগ কবলিত পরিবারবর্গের যথাযোগ্য পুনর্বাসন করা হবে। প্রয়োজনীয় সংখ্যক আশ্রয় কেন্দ্র গড়ে তোলা, ক্ষতিগ্রস্থ ঘর মেরামত ও পুনঃনির্মাণে সহায়তা প্রদান এবং তাদের মৌলিক সেবা সুবিধা প্রদানের ব্যবস্থা করা হবে।

দুর্দশাগ্রস্থ মহিলাপ্রধান পরিবার, বৃদ্ধ ও দুঃস্থদের গৃহায়ণের জন্য জাতীয় গৃহায়ণ নীতিমালায় নিম্নলিখিত পদক্ষেপের উল্লেখ করা হয়েছে;

১. দুর্দশাগ্রস্থ মহিলাদের আবাসন চাহিদা মেটানোর লক্ষ্যে অগ্রাধিকারভিত্তিতে কর্মসূচি প্রণয়ন করা হবে। এতে যৌথ অথবা এককভাবে জমি ও গৃহের মালিকানা প্রদান, ঋণ প্রদান, গৃহকেন্দ্রিক কর্মসংস্থান, শিশু ও মাতৃ মঙ্গল কেন্দ্র (Mother and Child Care Centre) কর্মজীবী মহিলাদের বাসস্থান (Working Women Hostel), আবাসন ও সেবা সুবিধাদিসহ শিক্ষালাভের সুযোগ এবং আয় উপার্জনের সুবিধাদি প্রদান করা হবে।
২. পরিবারহীন বৃদ্ধদের আবাসনের জন্য শহর ও গ্রামাঞ্চলে প্রয়োজনীয় সংখ্যক 'বৃদ্ধ নিবাস (Old Hole) নির্মাণ করা হবে এবং স্থানীয় জনহণ ও সেবা সংগঠনের সম্পৃক্ততায় তা পরিচালার ব্যবস্থা নেয়া হবে।
৩. দারিদ্র সীমার নীচে বসবাসকারি পরিবার, ভূমিহীন শ্রমিক/কৃষক, কারিগর, নির্মাণ শ্রমিক, উন্নয়ন প্রকল্পের কারণে বাস্তুচ্যুত, প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্থ ব্যক্তিবর্গ, দারিদ্র সীমার নিচে বসবাসকারি বিধবা, অবিবাহিত এবং মহিলা প্রধান পরিবার এবং শারীরিক, মানসিক ও সামাজিক প্রতিবন্ধীদের গৃহায়নের ব্যবস্থা অগ্রাধিকার ভিত্তিতে করা হবে।

৫. কর্তৃপক্ষের উদ্যোগ

জাতিসংঘের মানব বসত সংক্রান্ত কমিশন ইউএন হ্যাবিটাট ১৯৮৬ সন থেকে বিশ্বব্যাপী আশ্রয়হীনদের আবাসনের উপর প্রতিবছর বিভিন্ন প্রতিপাদ্য নিয়ে বিশ্ববসতি দিবস উদযাপন করে আসছে। এর উদ্দেশ্য নিম্নবিত্ত মানুষের আবাসনে সহায়তা করতে সরকার ও সংশ্লিষ্ট সকলকে উজ্জিবিত করা। বাংলাদেশ সরকারও প্রতিবছর বিশ্ববসতি দিবসে বিভিন্ন অঙ্গিকার নিয়ে এগিয়ে আসছে। বিশেষ করে হ্যাবিটাট-১ ও হ্যাবিটাট-২ এর অঙ্গিকার সমূহ বাস্তবায়নের লক্ষ্যে অঙ্গিকারবদ্ধ রয়েছে।

বাংলাদেশে বস্তি পূর্ণবাসন শুরু হয় ১৯৭৫ সালে, বঙ্গবন্ধু সরকারের সময়। ঐ সময় প্রচুর Squatters উচ্ছেদ করে ঢাকাকে একটি জাতীয় রাজধানী হিসাবে গড়ে তোলার চিন্তা হয়ত ছিল এবং তখন ঢাকা, চট্টগ্রাম ও খুলনার বিভিন্ন স্থানে উচ্ছেদকৃত বস্তিবাসীদের পূর্ণবাসন করা হয়। ঢাকার বস্তিসমূহ পুনস্থাপন করা হয় টঙ্গি

(দত্তপাড়া), ডেমড়া (বনপাড়া) ও মিরপুরে (ভাষানটেক)। পরবর্তিতে উচ্ছেদ কার্যক্রম অব্যাহত থাকলেও পুনর্বাসন অতটা জোরদার ভাবে হয় নি। ১৯৮০ এর দশকেও টঙ্গির দত্তপাড়ায় বস্তি পুনর্বাসন কার্যক্রম অব্যাহত থাকে। চট্টগ্রামে বিশ্বব্যাংকের সহায়তায় কৈবল্যধামে এবং খুলনায় মুজগুন্নিতে পুর্নবাসন কার্যক্রম চলে। নব্বই দশকে SIP ও পরে LPUPAP নামে বিদেশী সাহায্যের অনুকূলে বাংলাদেশ দুটি প্রকল্প পরিচালনা করে। এতে বস্তি উন্নয়ন বিশেষ করে সেবা সমূহ দেয়ার চেষ্টা করা হয়। তবে এসব প্রকল্প সব শহরে ও সকল বস্তিতে পরিচালনা করা সম্ভব হয়নি। LPUPAP প্রকল্পটির মেয়াদ শেষে নতুন করে আর একটি প্রকল্প গ্রহণ করা হয় UPPR নাম দিয়ে। UNDP ও আরো কয়েকটি দাতা সংস্থার অর্থায়নে এই প্রকল্পের কাজ ৩০টি শহরে অব্যহত রয়েছে। নগর গবেষণা কেন্দ্র শহরগুলোর দরিদ্র বসতির মানচিত্র ও সমীক্ষার কাজ সম্পন্ন করেছে ২০১১ সালে।

বাংলাদেশ সরকার আর একটি উল্লেখযোগ্য উদ্যোগ ছিল PPP এর মাধ্যমে বস্তি উন্নয়ন সমস্যার সমাধান করা। বিগত তত্ত্বাবধায়ক সরকারের আমলে যেসব বস্তি উচ্ছেদ করা হয় তাদের পুনর্বাসনের জন্য মিরপুরের ভাষানটেকে সরকার জমি দেয়। প্রকল্পটি হাতে নেয় NSPDL নামে একটি রিয়েলইস্টেট কোম্পানি। এই কোম্পানী সরকারের সাথে চুক্তি অনুযায়ী পুর্নবাসন কার্যক্রমে ব্যর্থ হয়। সম্প্রতি বিশ্ব ব্যাংকের সহায়তায় জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ বস্তির আবাসন উন্নয়নে নতুন একটি প্রকল্প হাতে নিয়েছে। এছাড়া স্থানীয় সরকার সমূহ বস্তি উন্নয়ন নিয়ে স্ব-স্ব শহর ও নগরে কাজ করছে। তবে এসব উদ্যোগ সমন্বিত ভাবে হলে ফলাফল আরো ভালো হতো।

৬. উপসংহার

এবারের বিশ্ববসতি দিবসের মূল প্রতিপাদ্য 'বস্তিবাসীর অধিকার ও পরিবেশ বান্ধব বাসস্থান' মূলতঃ বস্তিবাসীর নগরে থাকার একটি স্বীকৃতি। এই শ্লোগানের মূল সুর হলো, বস্তিগুলো হতে হবে পরিবেশ বান্ধব। এরকম বাসস্থান তৈরি করতে হলে বস্তিবাসী ও কর্তৃপক্ষকে দুটি ধারায় এগতে হবে। প্রথমতঃ নগর দরিদ্র হ্রাস করা। যেখানে থাকবে কর্মসংস্থা ও আয় বাড়ানোর কৌশল, শিক্ষা ও স্বাস্থ্যের উন্নতি ও বিভিন্ন প্রশিক্ষনে বস্তিবাসীদের উদ্যোগী করে তোলা। এই দায়িত্ব সরকারকেই নিতে হবে এবং বস্তিবাসীরা এখানে অংশগ্রহণ করবে। দ্বিতীয়তঃ বাসস্থানের পরিবর্তন। নগর কর্তৃপক্ষ নগরে বসবাসের জন্য বস্তিবাসীর আবাসনের উপযোগী নীতিমালা তৈরি করবে যাতে করে বস্তিবাসী ন্যূনতম খরচে তা অনুসরন করতে পারবে। কর্তৃপক্ষের অনুমোদিত নকশা ও নীতিমালা ছাড়া নগরে একটি ঘরও তৈরি যাতে না হয় সে ব্যাপারে সজাগ দৃষ্টি রাখতে হবে এবং তাহলেই পরিবেশ বান্ধব বাসস্থান তৈরির স্বপ্ন পূরন হতে পারে।

দারিদ্র্য দূরীকরণ,কৃষি ও বস্তিবাসী উন্নয়নে ভূমি সংস্কার

শাহ মোঃ আবুরায়হান আলবেরুনী[১]

ভূমি সংস্কার কী

ভূমি সংস্কার একটি ব্যাপক অর্থবহ বিষয়। দেশের ৮০ ভাগ লোক সরাসরি বা পরোক্ষভাবে ভূমির সাথে সম্পর্কযুক্ত। ভূমিকে কেন্দ্র করেই আমাদের সমাজ, অর্থনীতি, রাজনীতি, সাহিত্য, ইত্যাদি আবর্তিত হচ্ছে যুগ-যুগ ধরে। ঔপনিবেশিক শাসনের দুই শতাধিককালের ইতিহাসও মূলতঃ ভূমি ও কৃষি নির্ভর মানুষের উপর উৎপীড়ন, শোষণ ও নির্যাতনেরই ইতিহাস। ভূমি সংস্কার কথাটির মূল অর্থ দাঁড়ায় ভূমির ব্যবহার, আইন-কানুন যুগের ও চাহিদার সাথে সঙ্গতি রেখে পরিবর্তন ও পরিবর্ধনের মাধ্যমে ভূমি ব্যবস্থাপনা ও ভূমির বন্টন বিষয়ে একটি সার্বিক পরিবর্তন সূচিত করা।

ভূমি সংস্কার করতে হলে দু'টো বিষয়ের আমূল পরিবর্তন দরকার ঃ-

১. **উপরি কাঠামো সংস্কার ঃ** অর্থাৎ ভূমি আইনের সংস্কার, ভূমি প্রশাসন কাঠামোর সংস্কার,ভূমি ব্যবস্থাপনা, কর নির্ধারণ ও আদায়, ভূমির রেকর্ড ও জরিপ বিষয়ের সংস্কার এবং নীতি নির্ধারণের সংস্কার, ইত্যাদি।

২. **মৌল কাঠামোর সংস্কার ঃ** এর আওতায় আসে সিলিং নির্ধারণ এবং সিলিং উদ্বৃত্ত জমি উদ্ধার। উদ্বৃত্ত জমি ও খাস জমি ভূমিহীন ও গরিব জনসাধারণের মধ্যে পুনঃবন্টন বর্গা ও ভাগ চাষের শর্ত। কৃষি শ্রমিকের নিম্নতম মজুরি নিশ্চিতকরণ এবং সর্বোপরি ভূমি মালিকানার পূণর্বিন্যাস।

ভূমি মানুষের মূল্যবান সম্পদ। দেশের প্রতিটি মানুষ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ভূমির উপর নির্ভরশীল। দেশের আর্থসামাজিক উন্নয়নে বাঙ্গালী জাতির মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণের মধ্য দিয়ে অর্জিত হয়েছে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। সারা বাংলার জনগণের দাবীর প্রেক্ষি তদানীন্তন পূর্বপাকিস্তান আমলে ভূমি সংস্কারের উদ্যোগ গ্রহণের মধ্য দিয়ে ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ত্ব আইন পাস হয়েছিল। ১৯৫৬ সালের ১৪ এপ্রিল হতে জমিদারী অধিগ্রহণের মধ্য দিয়ে রাষ্ট্র সরাসরি দেশের সকল কৃষি-অকৃষি জমির মালিকানা লাভ করে। সাবেক দখলীয় ও নিম্নস্বত্ব প্রজাদের নামে জমির পূর্ণ মালিকানা এস.এ. জরিপের মাধ্যমে (১৯৫৬-১৯৬২) পূর্ববাংলার কৃষককূলের নামে অতঃ তার রেকর্ড প্রদান করা হয়। ভূমি সংস্কারের এটাই প্রাথমিক ও মৌলিক পরিবর্তন।

বাংলাদেশ স্বাধীন হলে ১৯৭২ সালে তৎকালীন সরকার গ্রামীণ উন্নয়ন মূলতঃ দরিদ্র কৃষক এবং ভূমিহীন পরিবারের উন্নয়ন, সামাজিক ন্যায় প্রাপ্যতা, সর্বোপরি কৃষির উৎপাদন বৃদ্ধির মাধ্যমে ভূমি সংস্কারের যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করে। ১৯৮৪ সালে ভূমি সংস্কার অধ্যাদেশ জারির ফলশ্রুতিতে এদেশে ভূমি সংস্কারের বলিষ্ঠ পদক্ষেপ নেয়া হয়। যদিও জমিদারী উচ্ছেদ আইন এ ক্ষেত্রে একটি যুগান্তকারী আইন ছিল তথাপি সুষ্ঠ প্রশাসন/বাস্তবায়ন যন্ত্র এবং সঠিক মানসিকতা/উদ্যোগের অভাবে ইপ্সিত ভূমি সংস্কার তার ঐতিহাসিক ভূমিকা পালন করতে সক্ষম হয়নি। জমিদার আইনত অন্তর্ধান হয়েছেন বটে, তবে অসংখ্য জোতদার এবং ক্ষুদে জমিদারগণ তাদের স্থান দখল করেছেন। প্রচ্ছন্ন এবং বিধির বাইরে বলে এরা থেকেও নেই বলে অনেকের ধারণা এবং আমরা জানি তারা সমাজের প্রভাবশালী ও ক্ষমতাধর ব্যক্তিবর্গ। এ সম্পর্কে সুস্পষ্ট সচেতনতা নিয়ে কাজে অগ্রসর হওয়া বাঞ্ছনীয়।

লেখক ঃ আইন উপদেষ্টা (যুগ্ম সচিব), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং ভূমি আইন বিশেষজ্ঞ

চিত্র১: সংকটাপন্ন উর্বর কৃষি জমি

জনসংখ্যা স্ফীতির ফলে এবং অন্যান্য সামাজিক ও অর্থনৈতিক কারণে দেশের জমি বিভিন্ন হাতে ঘুরছে, বন্যা খরায় দরিদ্রের হাত থেকে বেহাত হচ্ছে এবং ভূমি খন্ডকরণের মাধ্যমে দেশে ক্রমবর্ধমান ভূমিহীনদের সংখ্যা এবং ভূমি বুভূক্ষু এ দেশে এক মারাত্মক সমস্যার সৃষ্টি করছে। যেহেতু ভূমিই মূলতঃ এদেশের অর্থনৈতিক, সামাজিক ও গ্রামীণ রাজনৈতিক ক্ষমতার উৎস, সেহেতু সুষ্ঠ ভূমি ব্যবস্থাপনা, সামাজিক ন্যায়বিচার, উন্নত কৃষি উৎপাদনের পূর্বশর্ত। গ্রামের অঞ্চল বিশেষে প্রায় ৪০-৬০ ভাগ মানুষ আজ ভূমিহীন। এদের মধ্যে প্রায় ১২ লক্ষ পরিবারের ভিটামাটি ও মাথা গুজবার মত কোন ঠাঁই নেই। এদের অধিকাংশ আজ রাজধানী ঢাকাসহ দেশের বড় বড় নগরগুলোতে ছিন্নমূল এবং বস্তিবাসী হিসাবে জীবন যাপন করছে। প্রায় ২৮ লক্ষ পরিবারের ভিটা বা আশ্রয় থাকলেও কোন চাষাবাদের ভূমি নেই। প্রায় ৪০ লক্ষ পরিবারের ভিটা ও জমি থাকলেও ঐ জমির পরিমাণ মাত্র সর্বোচ্চ ০.৫০ একর।

ভূমি সংস্কারের মৌলিক বিষয়গুলো ছিল

(১) ভূমির মালিকানার সর্বোচ্চ সীমা ১০০ বিঘা (৩৩.৩৩ একর) নির্ধারণ

(২) ২৫ বিঘা পর্যন্ত ভূমির মালিক তথা প্রান্তিক ও মাঝারি কৃষকদের ভূমি উন্নয়ন কর মওকুফ;

(৩) জমি থেকে সব ধরণের কর প্রত্যাহার করে পরিবার পিছু জমির মালিকানার উপর ভিত্তি করে ভূমি উন্নয়ন কর ধার্যকরণ;

(৪) সর্বোচ্চ সীমার অতিরিক্ত জমি সরকার গ্রহণ করে পরবর্তীতে ভূমিহীন কৃষক এবং দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে নীতিমালা ভিত্তিক বন্টন/বিতরণ;

(৫) নদীসিকস্থি জমির মালিকানা বিলুপ্তকরণ এবং নদীপয়স্থি ও সাগর (বঙ্গোপসাগর) থেকে জেগে উঠা জমির মালিকানা সরকারের বরাবরে অর্পণ, ইত্যাদি।

চিত্র ২ নদী ভাঙ্গন: একটি সাধারণ চিত্র

কিন্তু ভূমি সংস্কারের বর্ণিত পদক্ষেপগুলো পূর্ণভাবে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বিশেষত কৃষি জমির অর্জন সর্বোচ্চ সিলিং করা হলেও অকৃষি জমির সর্বোচ্চ কোন সিলিং আজো করা হয়নি। ফলে ভূমি সংস্কার কার্যক্রম বিশেষ কোন অবদান রাখতে পারেনি। যে সকল কারণগুলো বিশেষভাবে দায়ী তা নিম্নরুপ ঃ

জমির সর্বোচ্চসীমা ১০০ বিঘায় নির্ধারিত হলেও কতিপয় ক্ষেত্রে তা ব্যত্যয় ঘটানো হয় যেমন, চা বাগান, রাবার বাগান, কফি বাগান, সমবায় সমিতি, বৃক্ষরোপণ, শিল্প সংশ্লিষ্ট ব্যবহার যেমন, আখ চাষ। কার্যত এই ব্যতিক্রম ব্যবহার সুবাদে ভূমিদস্যুরা বা ভূমি সিন্ডিকেট অতিরিক্ত জমির মালিকানা পরিবর্তন করে নেয়ার সুযোগ পায়; তথা শ্রেণি পরিবর্তন/হিসাব পরিবর্তনের মাধ্যমে অতিরিক্ত ভূমি নামে বেনামে দখলে রাখে।

অতিরিক্ত (উদ্বৃত্ত) জমির মালিকদের যথাসময়ে ক্ষতিপূরণ দিতে ব্যর্থ হলে সরকার বিপুল পরিমাণ উদ্বৃত্ত জমি বাজেয়াপ্ত তথা অধিগ্রহণ করতে পারেনি। বসতভিটা/অকৃষি জমি ধনীরা বেনামে রেখে দেয়।

উচ্চবিত্ত/ ধনিক শ্রেণির ভূমির সঠিক পরিমাণ ঘোষণা দেয়ার আদেশ দেয়া হয়। কিন্তু এতে খুব কম সাড়া পাওয়া যায়। যারা ঘোষণা দেয় তারা সাবেক তহসিল অফিস বর্তমানে ইউনিয়ন ভূমি অফিসের কর্মকর্তা কর্মচারীদের যোগসাজসে প্রকৃত ভূমির পরিমাণ গোপন করে অনেক ক্ষেত্রে পার পেয়ে যায়। এভাবে ধনী কৃষকদের অর্থনৈতিক কাঠামো অক্ষুন্ন থাকায় তাদের ক্ষমতার কাঠামোও অপরিবর্তিত থাকে। দরিদ্র কৃষক এবং ভূমিহীনদের/বাস্তুহীনদের সংখ্যা দিন-দিন বাড়তে থাকে। পল্লী অঞ্চলের জনগণ ক্রমান্বয়ে ভূমিহীন হয়ে পড়ে এবং শহরমুখী জনসমাগম বাড়তে থাকে। ফলে ভূমি সংস্কারের মহৎ উদ্যোগ ব্যর্থতায় পর্যবসতি হয়।

অথচ ভূমি সংস্কার ও কৃষি উন্নয়ন জাতীয় উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ কাজ । ভূমি সংস্কার ও কৃষি উন্নয়ন কর্মসূচিই পারে বেকারত্ব এবং দারিদ্র্য দূর করতে। গ্রামীণ জনসংখ্যার শহরমুখী আগমন বন্ধ করতে হলে গ্রামীণ অর্থনীতির আমূল পরিবর্তন সাধানের উদ্দেশ্যে ভূমি সংস্কার একটি অপরিহার্য কর্মসূচি হিসেবে গ্রহণ করা অতীবজরুরি। যেহেতু দেশের ৮০ ভাগ মানুষ এখনো গ্রামে বাস করে। সেহেতু গ্রামীণ অর্থনীতি চাঙ্গা করতে হলে কৃষি ও পল্লী উন্নয়নকে সর্বাধিক গুরুত্ব প্রদান করতে হবে। দেশের জিডিপিতে ২৫% আসে কৃষি থেকে এবং ৩৬% গ্রামীণ অকৃষি খাত হতে সব মিলিয়ে ৬০%। কৃষি সকল কর্মসংস্থানের প্রায় ৬৬% তৈরি করে এবং মোট রপ্তানি আয়ের ২৫% প্রদান করে।

চিত্র৩: শহরমুখী অভিগমন

ভূমি সংস্কারের মাধ্যমে জরুরিভাবে কৃষি উন্নয়ন তথা পল্লী উন্নয়ন করা না গেলে ঢাকা মহানগরীসহ চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, ময়মনসিংহসহ সকল বড়-বড় নগর মহানগর বসবাসের অযোগ্য হয়ে পড়বে। কেননা, গ্রামাঞ্চলে বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করতে না পেরে দারিদ্র্য পীড়িত জনগণ ক্রমাগতভাবে শহরমুখী হচ্ছে। মূলতঃ এরাই শহরে বস্তিবাসী। এদের আধিক্যের ফলে রাজধানী ঢাকাসহ বড় বড় শহরে তীব্র যানযট এবং নানাবিধ সমস্যা সৃষ্টি হচ্ছে।

ভূমি সংস্কারের আইনগত ভিত্তি আমাদের সংবিধানেই পাওয়া যায়। দেশের সর্বোচ্চ আইন বাংলাদেশ সংবিধানের ১৬ অনুচ্ছেদে উল্লেখ আছে যে, "নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগত দূর করার উদ্দেশ্যে কৃষি বিপ্লবের বিকাশ গ্রামাঞ্চলে বিদ্যুতায়ন ব্যবস্থা, কুটির শিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা যোগাযোগ ব্যবস্থা ও জনসাধারণের উন্নয়নের মাধ্যমে গ্রামাঞ্চলের আমূল রূপান্তর সাধানের জন্য রাষ্ট্র ব্যবস্থা গ্রহণ করিবে।"

তথ্য নির্দেশিকা

১. গণপ্রজাতান্ত্রী বাংলাদেশের সংবিধান, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয়, ঢাকা।

২. ভূমি ব্যবস্থাপনা সহায়িকা- শাহ মোঃ আবুরায়হান আলবেরুনী

৩. ভূমি প্রশাসন ম্যানুয়াল, ১ম খন্ড, ভূমি মন্ত্রণালয়, ঢাকা, ২০০৩

৪. বাংলাদেশ নগর গ্রাম সংযোগ উন্নয়ন কৌশল ঃ প্রেক্ষিত বিশ্ব বসতি দিবস ২০০৪ -মো: আকতার হোসেন সরকার

৫. জাতীয় ভূমি ব্যবহার নীতি, ২০০১, ভূমি মন্ত্রণালয়, ঢাকা, ২০০৩

৬. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জরিপ, ২০১১

৭. ভূমি সংস্কার অধ্যাদেশ, ১৯৮৪

Provision of housing finance for Middle income people of Dhaka city:

Government policy paradoxes

[1]Md.Mahmudul Haque

Abstract

The 1993 National Housing policy of Bangladesh states that, Housing should be accessible to all strata of the society. But the reality seems to fail to fulfill it. Like, though comprising a significant portion of the total city population, the available Housing facility for the Middle Income Group of Dhaka city is very poor. The targeted provision of Housing Finance for this group by both the public and private sector has been proven as impractical. Because, these loans bear an excessive interest rate, and that is almost unbearable for the defined middle income group. As a result the majority of the society is now apparently excluded from the Housing Finance services. As one of the basic needs of Humankind the Housing sector demands special attention. And this sector must need Government intervention to some extent, especially in the developing countries. So, a revised and more rational Government Housing policy should be provided with the active participation of the private sector to make the Housing Finance accessible to the Middle Income Group of Dhaka city

Introduction

Alike most cities of the developing world, Dhaka is a poorly managed city; where there is an acute Housing shortage. This Housing shortage was estimated in 1991 to be about 3.10 million units, composed of 2.15 million units in rural areas and 0.95 million units in urban areas (GoB, 1993). Along with this; the provision of Housing Finance is also very scarce; especially for the Middle Income Group (MIG)[2] because they have hardly any access to Housing Finance facilities though comprising about 53% (Islam, 1986) of the total urban population. In comparison to this group, the lower income group (LIG) of people has the privilege of Micro Credit Housing Finance and the Higher Income Group (HIG) benefits from Macro Credit Housing Finance. Housing Finance for the MIG has not only been neglected badly but also the minimal targeted provisions of Housing Finance, both from the public and private sectors, failed to be proven viable because of manifold reasons.

The contribution of the public sector in Housing Finance is also very minimal. It was only Tk 25.2 billion in 2006-07 fiscal years, which was 20 per cent of the total Housing loans of the country for that FY (New Age, 2008). Generally, only about 5 percent of the Housing units in Bangladesh are financed by formal sector (Kabir & Hasan, 2002). As a result, the majority of the society has apparently been excluded from the House Building Finance services.

Though the National Housing Policy'93 declared that Housing should be accessible to all strata of the society, disparity has not been removed. So, to assist the people of Dhaka City, who, in fact, are being discriminated of the Housing benefit, a revised and more rational Government Housing Policy should be taken into the mind with the active participation of the private sector.

Objectives and methodology

i) To overview the existing Housing related policies and House Building Finance situation in Dhaka city for the Middle Income Group (MIG) of people.

ii) To identify the major constraints in providing Housing Finance to the MIG of Dhaka City.

iii) To explore the potential role of the Government policy in providing Housing Finance to the MIG of Dhaka city.

iv) To propose an effective policy framework for Housing Finance to serve the MIG of Dhaka city.

This article has been written both from primary and secondary data. For primary data a designed questionnaire was served to the target middle income group. And for secondary data the private and public authority publications, websites and newspaper were reviewed. Finally the collected data were processed with computer software like SPSS and MS EXCEL. Findings of the study have been presented in pie and bar diagrams created by MS EXCEL.

Housing Demand

There is an acute housing demand in Dhaka city. The problem is high for the Middle Income Group (MIG) which is 50 % of the total population of Dhaka city, and that encompasses 3.5 million people (Islam, 2004). This group will require 2.5 million new dwelling units by the year 2025 (Islam & Shafi, 2008) to accommodate 1, 87, 50, 000 persons[3] by that time. The following tale is showing the future shelter demand of Dhaka city;

Table 01: Shelter Needs and Estimates in Dhaka City over a Time Period of 2008-2025

Income Group	Shelter requirements over time (Units in million)			Total requirements (Units in million)
	2008-2013	2013-2018	2018-2025	
Low Income Group	0.82	0.57	0.42	1.81
MIG	1.10	0.80	0.50	2.40
High Income Group	0.08	0.08	0.08	0.24
Grand Total	2.00 million HH + 0.55 persons	1.45 HH	1.00 HH	4.45 million HH + 0.55 persons

Source: Islam & Shafi, 2008.

The table shows that by 2025, the MIG would require the highest share of the estimate which is about 2.4 million units. This alarming figure is not the only factor that is enough to draw the attention, but also the soaring price of Housing units. So, before formulating or applying any Housing policy the purchase capacity of the target group should be considered with greatest importance.

Government Housing policies

After the independence of Bangladesh in 1971, Bangladesh Government formulated several five year plans for planned development of the country. Housing policies are incorporated in these five year plans. And in 1993 the National Housing Policy has been enacted. Of these plans the *First five year plan (1973-1978)* first proposed the Building of multistoried apartment houses in the urban areas (for low and lower MIGs) in the public sector. *The Second five year plan (1980-1985)* proposed the construction of large number of low-cost semi-permanent Housing units at a lower cost level. This was especially targeted for the less income group. It also suggested Lowering and standardizing the specification for structures, fittings and finishes to reduced cost. *The third Five Year Plan (1986-1990)* strongly prescribed to improve the Housing sector the private sector participation. And a government subsidized 'core house' concept was introduced for the low income group in this plan. The *Fourth Five Year Plan (1991-1995)* provided different policy measures for the public and private sector. This plan first suggested a National Housing Authority (NHA) to be formed to facilitate Housing for the low and lower MIG. And the public and semi-public agencies were indulged to be concentrated on land development projects for middle and lower income groups. The national Housing policy 1993 declared to make Housing accessible to all strata of the society. The policy also focused on making the land available in suitable locations and at affordable prices for various target groups, especially for the low and middle income people. NHP also recommended mobilizing funds for Housing through personal savings different financial inputs and by developing suitable financial institutions. *The Fifth Five Year Plan (1997-2002)* proposed an arrangement of soft loans Housing for the poor; to this end, the government will create a special fund. And finally, the *National Housing Policy 2008 (Draft)* report has proposed more specific recommendations on housing loan for lower income group. The recommendations were on minimizing the interest rate, helping public and private financial institutions from government through tax abatement. The chronology of policies hence is showing that only the last two initiatives and the recent draft National housing policy report addressed the housing loan for the low income people. The fact is that until recently there is hardly any specific full fledged government finance policy for the Middle and low income group housing.

Policy paradox

The targeted provision of Housing Finance for the middle income group of Dhaka city by both the public and private sector has been proven as impractical. Because, the available housing related policies offers loans that bear a 12 to 15 percent interest rate per month (BB, 2008). This, with all other requirements make the per month installment as 12-15 thousand taka almost. And as the government survey prevails that a household is willing to spend maximum 32.63% (BBS, 2000) of their income for housing purpose; that means a household have to earn more than 45 thousand taka per month to continue that installment. This amount of income per month indicates that this household does not belong to the Middle Income Group.

Institutional Housing Finance Situation in Bangladesh

Like many developing and emerging economies, the Housing Finance system of Bangladesh comprise private sector lenders as well as several government managed and subsidized Housing Finance institutions or programs (Renaud, 1996). There are four micro financial institutions namely, Grameen Bank (NGO), PROSHIKA (NGO), BRAC (NGO), ASA (NGO). And six Macro financial institutions, BHBFC (Public), NHFIL (Private), NHA (Public) , DBH (Private), Islamic Bank (Private), Sonali Bank (Public). Several International institutions are also providing fund for housing through, they are The World Bank UNDP UNCDF UNCHS ADB. The funds are regulated and distributed by the different programs of Bangladesh Government. The following diagram is showing the structure of the Housing finance system,

Major constraints in providing Housing Finance

There are a number of barriers for the MIG to take advantage of the existing Housing Finance system of the country. Some are like,

- Government's failure to define the MIG in terms of their income level. Most of the private and public Housing Finance schemes are assisting the group with an income of more than Tk. 30,000 per month by categorizing them as the Middle Income Group of people. As a result, the scheme remains out of the reach of the actual MIG.
- The excessive interest rate, short repayment period, and required mortgage, down payment etc. also stand as obstacles towards their way of getting the assistance.
- Insufficiency of the loan amount in context of the present land price and construction material price is another obstruction for seeking a loan for the MIG. The 1993 ADB survey of homeowners of newly constructed houses showed that the most important sources of Housing Finance were household savings (more than one third). Loans from relatives and friends were the second most common form of finance, followed by the sale of other parcels of land. Employer and bank loans were utilized by 13 percent of new home-owners and BHBFC loans were only acquired by 5 per cent, all in higher income brackets (Hoek-Smit, 1998).

- The hassle, complicacy of bureaucratic system and corruption and nepotism in the government owned Housing Finance organization work as another snags for the MIG. The applicants for the loans have to submit a number of certificates, TIN number, previous record, valid references and other documents.

Comparative Interest Rate of Housing Loan: National-International

The value reveals an average interest rate of Housing loan as 14.8 % for Bangladesh. If we look into the interest rate of other countries in different developing and developed countries, we will find out the following scenario:

Table 02: Higher Interest rate in Housing loan (Foreign countries)

Country	Interest rate (%)	Country	Interest rate (%)
Japan	2.37-3.05	France	3.00-5.00
China	4.14-5.76	United states	4.86-6.00
Malaysia	6.00-6.6	United kingdom	5.25-7.39
India	8.00-10.00	Australia	7.34-8.22
Pakistan	9.00-10.00	New Zealand	7.25-9.25

Source: Mukta Akash, 2007.

Analysis and Findings

To get a real time scenario a thorough questionnaire survey has been conducted to 100 persons who belong to the target group. That means within a monthly income of 30 thousand TK. The results are given through several charts below.

